# বীরুৎজাতীয়র

49th International Kolkata Book Fair

বীরুৎজাতীয়র স্টল নং

## ৪৫৬

৬ ও ৭ নং গেটের কাছে...

বীরুৎজাতীয় সাহিত্য সম্মিলনী

www.birutjatio.org

২২ জানুয়ারি থেকে ৩ ফেব্রুয়ারি, ২০২৬


বইমেলা প্রাঙ্গণ, সল্টলেক

দুপুর ১২ থেকে রাত্রি ৮টা

# বইমেলার বই

## প্রবন্ধ/ বিবিধ

### তিব্বতের পথ শ্রীশরচ্চন্দ্র দাস ॥ সম্পাদনা ও গ্রন্থনা দীপঙ্কর পাড়ুই





হিমালয়ের অপরপ্রান্তে যে তুষারাবৃত দেশ রয়েছে, সেই দেশটিকে মধ্যযুগীয় পরিব্রাজক বা ভ্রমণকারীদের লিখিত বিবরণ থেকে আমরা 'তিব্বত' বলে জেনেছি। আধুনিক ইউরোপীয় লেখকগণ এই দেশটি সম্বন্ধে জেনেছিলেন মধ্যযুগীয় বিবরণগুলি থেকে। তিব্বতে প্রায় ৮০০ বছর ধরে যাতায়াত করেছেন মিশনারি, ব্যবসায়ী, ধর্মযাজক ও সাম্রাজ্যবাদী লোকজন। সেই ৮০০ বছরের ইতিহাসকে পণ্ডিত শ্রীশরচ্চন্দ্র দাস বাংলা ভাষায় লিপিবদ্ধ করেছেন তাঁর 'তিব্বতের পথ' লেখাটিতে। তিনি ছিলেন ভোটবিদ্যা বা তিব্বতবিদ্যার অন্যতম পথিকৃৎ, পরিব্রাজক, গবেষক ও আবিষ্কারক। উক্ত লেখায় শুধুই যে নিজের তিব্বত ভ্রমণের কথা লিখেছেন এমন নয়, তিনি তার পূর্বসময়কালীন প্রায় ২৫ জন তিব্বত পরিব্রাজক বা ভ্রমণকারীদের কথাও স্মরণ করেছেন। এছাড়া এই গ্রন্থে রইল সেই সম্বন্ধীয় শরচ্চন্দ্রের অগ্রন্থিত আরও তিনটি প্রবন্ধ।। ৩০০ টাকা

### শান্তিনিকেতন প্রসঙ্গ ॥ শ্রীসুধীরচন্দ্র কর ও শ্রীমতীসাধনা কর



"শান্তিনিকেতনের কথা দেশ বিদেশের লোকে জানতে চায়। শান্তিনিকেতনের জীবন-প্রবাহ—রবীন্দ্রনাথের জীবদ্দশায় ও তাঁর অবর্তমানে—দুই অবস্থাতেই কিরূপ চলেছে; কাজকর্মের রীতিনীতি সেখানে কখন্ কোন্ পথ নিয়েছে, আশে-পাশেও কোন্ ক্ষেত্রে শান্তিনিকেতনের কী প্রবর্তনা কতটা কাজ করছে,—এক-কথায়, এখানে কী-রকম কী-সব হয়ে থাকে ও তা কী উদ্দেশ্যে—এ-অনুসন্ধিৎসা অনেকস্থলে অনেকের মনেই রয়েছে;—এ কথা যে কত সত্য, তা আরো বোঝা যাচ্ছে,—যানবাহনের একটু সুবিধা হয়ে যেতেই দিনের পর দিন এখানে অগণিত অতিথি-অভ্যাগত ও দর্শনার্থীর বর্ধিত ভীড় থেকে। কাছে এসে যাঁরা দেখে-শুনে যাচ্ছেন, স্বল্প সময়ের মধ্যে সব-কথা জানার সুবিধা তাঁদের হয় না,—দূরে যাঁরা থাকেন তাঁদের অসুবিধো আরো বেশী। এই জানার কাজ গ্রন্থের সাহায্যেও অনেকটা মিটতে পারে। এই ভেবেই এ গ্রন্থের অবতারণা। এর অধ্যায়ে অধ্যায়ে বর্ণিত বিষয়সমূহ শান্তিনিকেতনকে জানবার পক্ষে যদি কিছু সহায়ক হয় তবেই এর প্রকাশ সার্থক মনে করা যেতে পারে।" ৮০০ টাকা

### বিদেশ ভ্রমণে রবীন্দ্রনাথ ॥ জয়তী ঘোষ




"এ বই রবীন্দ্রনাথের লেখা ভ্রমণকাহিনী-সম্পর্কিত আলোচনা নয়। ভারতের বাইরে বহু জায়গায় তিনি গিয়েছেন, সে সব জায়গায় ভ্রমণের বিবরণ রবীন্দ্রনাথ লিখে যাননি। খবরের কাগজে মাত্র তাঁর তৎকালীন সফরের বিবরণ ধরা আছে। ডঃ জয়তী ঘোষ চেষ্টা করেছেন, সাংবাদিকদের সেই বিবরণ থেকে ধারাবাহিক ক্রমে রবীন্দ্রনাথের একটি বিশ্বযাত্রী-মূর্তি গড়ে তুলতে। তিনি দেখিয়েছেন রবীন্দ্র-মানসের বিকাশ। যৌবনে রবীন্দ্রনাথ বিলাতে গিয়েছেন, তখনকার অভিজ্ঞতা আছে য়ুরোপ-প্রবাসীর পত্রে। সেই রবীন্দ্রনাথ আর নোবেল পুরস্কার পাওয়ার পর য়ুরোপ-আমেরিকার যাত্রী রবীন্দ্রনাথের চিন্তায় ও উপলব্ধিতে পার্থক্য বড় কম নয়। এ যুগের বিবরণ রবীন্দ্রনাথ নিজে লিখে যাননি, কিন্তু এই ভ্রমণের সময়ে রচিত ভাষণ ও অন্যান্য রচনার সঙ্গে মিলিয়ে ভ্রমণের তথ্যগুলি জানলে রবীন্দ্রমানসের পরিচয়টি সম্পূর্ণ হয়। ডঃ জয়তী ঘোষ সে চেষ্টা করেছেন। রবীন্দ্র-সাহিত্য সমালোচনার এ-ও একটা দিক। এ দিক দিয়ে এই বইটির বিশেষ মূল্য থাকবে।" —ভবতোষ দত্ত ৭৫০ টাকা

### বাংলার বাউল: মননে ও যাপনে ॥ সম্পাদনা: রামানুজ মুখোপাধ্যায়





এই সংকলনে বাংলার বাউলকে দেখতে চাওয়া হয়েছে দুই ভিন্ন দৃষ্টিকোণ থেকে। প্রথম অংশটি মনন-প্রধান। তত্ত্বে, সংগীতে ও সাহিত্যে বাউলের সুগভীর বিস্তারের অনুপম আলেখ্য আছে এই পর্বে। দ্বিতীয় গুচ্ছে আছে বাউলের যাপনচিত্রের বর্ণিল উদ্ভাস। বাউল-জীবনের সঙ্গে প্রত্যক্ষ সংযোগ এই লেখাগুলির প্রাণ। সূচনায় আছে কলকাতা সরকারি আর্ট স্কুলের প্রথম বাঙালি অধ্যক্ষ ও রবীন্দ্রস্নেহধন্য চিত্রকর মুকুল দের সহধর্মিনী শিল্পী বীণা দের একটি নোটখাতা। বিশ শতকের পঞ্চাশের দশকে আখড়ায় ও আসরে শুনে বাউল গান অনুলিপি করে রেখেছিলেন তিনি। বাউল-চর্চার ইতিহাসে এই নোটখাতাটি এক দুর্লভ সাক্ষ্য, এই প্রথম প্রকাশ্যে এলো। ৩২০ টাকা

## শ্যামলী খাস্তগীর: পথিক যে জন ॥ সংকলন ও সম্পাদনা শুভময় রায়




সাদামাটা খদ্দর কিংবা তাঁতের শাড়ি পরিহিতা, হাতে আঁকাবাঁকা এক লাঠি, কাঁধে বিশাল ঝোলায় রয়েছে নানা দেশের পুতুল, নিজের বানানো কাগজের খেলনা, বইপত্তর, প্রচার-পুস্তিকা, আচারের বয়াম, যুদ্ধবিরোধী ছবি দেখানোর প্রোজেক্টর - এইসব নিয়ে একজন মানুষ পথ হাঁটছেন। হাঁটতে হাঁটতে পেরিয়ে যাচ্ছেন শালবীথি, আশ্রমমাঠ, দূরের খোয়াই, ছোট শিমূলিয়া গ্রাম, জাদুগোড়ার পাহাড়, হন্ডুরাসের সমুদ্র উপকূল...
কখনো ছবি আঁকছেন, কখনো বা পুতুল বানাচ্ছেন,লিখছেন, রান্না করছেন আর সবসময় যুদ্ধ-যুদ্ধাস্ত্র, ভোগবাদ, নাগরিক আগ্রাসন, প্রকৃতি ধ্বংস,পরমাণু অস্ত্রের বীভৎসতার বিরুদ্ধে সরব হচ্ছেন। কখনো তিনি শান্তিনিকেতনের রাস্তায় লুটিয়ে পড়ে রুখে দিচ্ছেন অশোভন কার র‍্যালি,কখনো বা সামরিক ঘাঁটিতে সশস্ত্র বাহিনীর রক্তচক্ষুর সামনে বৃক্ষরোপণ করে গাইছেন “...ধূলিরে ধন্য করো করুণার পুণ্যে...”, কারাবরণ করছেন, আবার কখনো সামাজিক আন্দোলনের জন্য বিক্রি করছেন নিজের অলংকার - তিনি কোমলে কঠিনে মেশানো এক প্রাণ! তিনি শ্যামলী খাস্তগীর! এই যুদ্ধোন্মত্ত অস্থির সময়ে তাঁর অভাব বোধ করছি আমরা সবাই। **৭০০ টাকা**

## মন্দিরময় কালনা ॥ শ্যামসুন্দর বেরা




ভাগীরথীকে কেন্দ্র করে এককালে কালনা হয়ে উঠেছিল বর্ধমান জেলা তথা এই বাংলার প্রাণস্পন্দিত বাণিজ্যকেন্দ্র– ব্যবসায়িক সমৃদ্ধির পাশাপাশি ধর্ম, বিশ্বাস ও সংস্কৃতির মেলবন্ধন ঘটেছিল এই স্থানে। বৈষ্ণব ভাবধারায় দীপ্ত এই জনপদ তীর্থক্ষেত্র হিসেবেও পেয়েছিল বিশেষ মর্যাদা। বৈষ্ণব বিশ্বাসে অনুরক্ত বর্ধমান রাজপরিবার কালনাকে গড়ে তুলেছিলেন পরম যত্নে– রাজবাড়ির সঙ্গে সঙ্গে নির্মিত হয়েছিল একের পর এক মন্দির, যা আজও শহরের গৌরবময় অতীতের নীরব সাক্ষী। তবে ১৯৫৫ সালে জমিদারি প্রথার অবসানের পর সংস্কার ও রক্ষণাবেক্ষণের অভাবে সেই স্থায়ী কীর্তিগুলি ধীরে ধীরে এগিয়ে যায় ধ্বংসের পথে। পরে পারিবারিক উদ্যোগ, ধর্মীয় সংগঠন ও সরকারি তত্ত্বাবধানে কিছু মন্দির রক্ষা পেলেও বহু স্মৃতি আজ বিপন্ন। এই গ্রন্থে তুলে ধরা হয়েছে কালনার অতীত, বর্ধমান রাজপরিবারের সঙ্গে তার গভীর যোগ, বাংলার মন্দির স্থাপত্যের বৈশিষ্ট্য, রাজপৃষ্ঠপোষকতায় নির্মিত মন্দিরসমূহ ও তাদের টেরাকোটা ভাস্কর্যের বিশিষ্টতা। বিশেষ গুরুত্ব পেয়েছে রাজপরিবারের সমাজবাড়ি বা সমাধিমন্দিরের ইতিহাস– যার অধিকাংশই আজ অস্তিত্বের সংকটে। মন্দিরময় কালনা-য় সেই জানা-অজানা ইতিহাসের সন্ধান পাবেন পাঠক। **২৬৫ টাকা**

## নতুনগ্রামের কাঠের কাজ: শিল্প ও শিল্পীর সন্ধান ॥ শ্যামসুন্দর বেরা





কাঠ বা দারুশিল্পের প্রবহমান ঐতিহ্যের মধ্যে কি রয়ে গেছে প্রাচীন সভ্যতা সংস্কৃতির চিহ্ন? হরপ্পা-মহেঞ্জোদাড়োয় প্রাপ্ত পোড়ামাটির শিলমোহরে নানান ধরনের নকশা ও জীবজন্তুর চিত্র থেকে কি অনুমান করা যায় যে অনুরূপ নকশাযুক্ত কাঠের আসবাব, কপাট ইত্যাদি তৈরি হত আজ থেকে পাঁচ হাজার বছর আগেও? সহজলভ্য, নমনীয় অথচ প্রাণবন্ত–কাঠ যুগ যুগ ধরে শিল্পীর হাতের স্পর্শে হয়ে উঠেছে ভাবনার বাহক। সেই ধারারই এক অনন্য অধ্যায় নতুনগ্রামের কাঠের পুতুল। লোকশিল্পের ঘরানায় নতুনগ্রামের পুতুলশিল্প আজ স্বতন্ত্র পরিচয়ে উজ্জ্বল। কাঠের প্যাঁচা, দুর্গা কিংবা গৌরনিতাই–রঙের দীপ্তি ও গঠনের ছন্দে তারা যেন নিঃশব্দে গল্প বলে। কাঠের পুতুল তৈরি করেই এই গ্রামের শিল্পী পেয়েছেন রাষ্ট্রপতি পুরস্কার। তবে শুধু কাঠের পুতুলে খিদে মেটে কই? পুতুলের সীমিত কদর আর জীবিকার টানাপোড়েন শিল্পীদের বাধ্য করেছে পুতুলের অবয়বেই গড়ে তুলতে আসবাবের নতুন রূপ। কর্মহীনতার অন্ধকারে দাঁড়িয়ে নতুনগ্রামের তরুণ প্রজন্ম বুঝে নিয়েছে–নিজেদের শিকড় আঁকড়ে ধরলে সম্ভব স্বনির্ভরতা। প্রথা ও নতুন ভাবনার মিলনে নতুনগ্রামের কাঠের কাজ আজ আর শুধু অতীতের স্মারক নয়, ভবিষ্যতের দিকনির্দেশও। **২২৫ টাকা**

## বাংলার লোকশিল্প: স্মৃতি, সত্তা ও ভবিষ্যৎ ॥ দীনবন্ধু কুণ্ডু





বাংলাদেশ লোকশিল্পের উর্বর ভূমি। বাংলাদেশের গ্রামীণ লোকসমাজ জীবন ও জীবিকার চাহিদার জন্য যে সমস্ত লোকশিল্পের জন্ম দিয়েছিল তা আজ জেলা, রাজ্য ও দেশের গণ্ডি ছাড়িয়ে বিদেশের মাটিতেও জনপ্রিয় ও গ্রহণযোগ্য হয়ে উঠছে ক্রমশ। বাঙালিদের কাছে এটা অত্যন্ত গর্বের বিষয়। বাংলার লোকশিল্পের অতীত ইতিহাস, বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ সম্ভাবনা নিয়েই ভরে উঠেছে এই গ্রন্থের পৃষ্ঠা। **৪০০ টাকা**

## গ্রিক ট্র্যাজেডি ও আমরা  অরুণ কুমার দাশগুপ্ত ॥  সম্পাদনা: সোমজিৎ হালদার





অরুণ কুমার দাশগুপ্তের এই প্রবন্ধে গ্রিক ট্র্যাজেডিকে দেখা হয়েছে এক গভীর দার্শনিক দৃষ্টিতে। মিথ ও ইতিহাসের সংযোগস্থলে দাঁড়িয়ে তিনি প্রশ্ন তুলেছেন– ট্র্যাজেডির স্বাতন্ত্র্য ঠিক কোথায়। সেই প্রশ্নের উত্তর খুঁজতে আলোচনায় আসে ট্র্যাজেডির গঠন, প্রোটাগনিস্ট ও কোরাসের টানাপোড়েন, এবং ব্যক্তি ও সমূহের সংকটের চিরন্তন ভাষ্য। অরুণকুমারের ব্যাখ্যায় ট্র্যাজিক নায়ক একই সঙ্গে স্বতন্ত্র ও নিঃসঙ্গ, বিচারক ও আসামী, ভবিতব্যের শিকার হয়েও তার ঊর্ধ্বে উঠতে চাওয়া এক মানবসত্তা। এই দ্বন্দ্ব থেকেই জন্ম নেয় ট্র্যাজেডির মহত্ত্ব– আত্মধ্বংসের মধ্য দিয়েই আত্মশক্তির উন্মোচন। আন্তিগোনে, মেদেয়া, ফিলক্‌তেতেস-এর পাঠ পেরিয়ে প্রবন্ধের চূড়ান্ত পর্যায়ে আসে অয়দিপাউস– গ্রিক ট্র্যাজেডির অন্যতম এই অভিব্যক্তিগুলির মধ্যে লেখক অনুসন্ধান করেন 'অস্তিত্বের মৌলিক সমস্যা তলিয়ে দেখার একটি প্রকৃষ্ট পন্থা'। **২০০ টাকা**

## রেল যখন গল্প বলে: ভারতীয় রেলের জানা-অজানা ইতিহাস ও কাহিনির খোঁজ ॥  নিখিল কুমার চক্রবর্তী





রেল নিয়ে বাঙালির আবেগের অন্ত নেই। সেই যেদিন হাটগোবিন্দপুরের ঠাকুরদার বিস্ময় জাগিয়ে দুটো লোহার পাতের ওপর দিয়ে ইঞ্জিনে বেঁধে রাখা দৈত্যের লেজে আগুন লাগিয়ে রেলগাড়ির দৌড় শুরু হয়েছিল, সেদিন থেকেই লক্ষ - নিযুত গল্পও রেলগাড়ির সমান্তরালে ছুটে চলেছে। ভারতে রেলের আবির্ভাব আর তার সাথে জমতে থাকা অসংখ্য গল্পের খোঁজে গ্রন্থিত হয়েছে এই বই। রেল যখন গল্প বলে। রেল নিজেই যখন তার গল্প বলে তখন কেমন লাগে শুনতে, তারই খোঁজ এই বইতে। আবির্ভাবের গল্প তো আছেই, তার সাথে আছে দেশে, বিদেশে, সাহিত্যে, মনীষীদের জীবনে এবং অবশ্যই লেখকের ব্যক্তিগত জীবনে ছড়িয়ে এবং জড়িয়ে থাকা অজস্র গল্পের বিস্তার। এই বই তাই নিছক রেলের ইতিহাসের খোঁজ নয়, রেল নিয়ে আমাদের আবেগ জড়িত গল্পের অন্বেষণও বটে। **৩৮০ টাকা**

## নানা জনের শৈলজারঞ্জন ॥  সম্পাদনা অনুত্তমা ঘোষ





রবীন্দ্র স্নেহধন্য শৈলজারঞ্জন মজুমদার (১৯০০-১৯৯২) ছিলেন রবীন্দ্রসঙ্গীতের অতন্দ্র প্রহরী ও নিষ্ঠাবান শিক্ষক। এই সুদীর্ঘ জীবনে বহু মানুষ তাঁর সান্নিধ্যে এসেছেন। কারুর তিনি ছিলেন স্নেহময় বড়োদাদু, কারো ছিলেন কঠোর শিক্ষক আবার কারো বন্ধু। তাঁর রসজ্ঞ দিকটি যেমন স্বয়ং রবীন্দ্রনাথ এবং তাঁর সমসাময়িক সুহৃদদের কাছে ধরা পড়েছে তেমনি তাঁর সংসার বিষয়ে উদাসীন ভাবটি কাছ থেকে দেখেছেন তাঁর পরিবারের সদস্যরা। ছাত্রছাত্রীরা তাঁর জীবনের প্রধান অংশ জুড়ে ছিলেন সে কথা বলাই বাহুল্য। এই আত্মনিয়োজিত কর্মী মানুষটির চরিত্রের কিছু না কিছু দিক অজানা ছিল সবার কাছেই। তাঁর ব্যক্তিত্বের বিচিত্র দিকগুলি ধরা পড়েছে এই গ্রন্থে নানাজনের বর্ণনা থেকে। এই আপাত কঠোর মানুষটির জানা-অজানা পরিচয় লেখার নির্ভেজাল সততায় আকর্ষণীয় হয়ে উঠেছে। **৩৮০ টাকা**

## বুদ্ধদেব বসু, আবু সয়ীদ আইয়ুব ও অন্যান্য প্রসঙ্গ ॥  মুহম্মদ মতিউল্লাহ





কবিতা এবং কবিতা বিষয়ক নানা সংঘটনের সংবেদী সমাহার এই প্রবন্ধ সংকলন। 'আধুনিক বাংলা কবিতা' বইটি  বুদ্ধদেব বসু-র সম্পাদনার ঐতিহাসিক প্রেক্ষাপট যেমন আলোচনায় এসেছে, তেমনি বুদ্ধদেব বসু, আবু সয়ীদ আইয়ুবের মনীষার পরিচয়, শিবনারায়ণ রায় ও আবু সয়ীদ আইয়ুব যুগলের  মনস্বিতা আর একটি আলোচনার ক্ষেত্র । 'সেনেট হলের কবিসম্মেলন' কিংবা 'আরও কবিতা পড়ুন আন্দোলন' কি ভাবে রাজপথ ও রাজপ্রাসাদকে একাকার করে দিয়েছিল একদিন; তখনো প্রতিষ্ঠিত হয়নি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের তুলনামূলক সাহিত্য বিভাগ, ফরাসি কবি বোদল্যের তখনও বু.ব-র হাতে অনূদিত হয়নি, সেইসময় অলোকরঞ্জন -আলোক সরকার কেন প্রকাশ করলেন 'ভিনদেশী ফুল'  নামের একটি তন্বী অনুবাদ সংকলন। আবদুল কাদির-এর মতো কবি ছান্দসিক গবেষকের পাশাপাশি  জসীমউদ্দীন ও আধুনিকতার দ্বন্দ্ববিন্যাসটিও কম আকর্ষনীয় নয়। সবমিলিয়ে কবি প্রাবন্ধিক মুহম্মদ মতিউল্লাহ্-র  মনন ও সংবেদী মনের অবিরত ইশারায় ভরা প্রবন্ধগুলি  সংকলিত করতে পেরে নিশ্চয় একধরনের আত্মশ্লাঘা অনুভূত হয় প্রকাশনার। **২৬৫ টাকা**

## ডঃ আম্বেদকর এবং অস্পৃশ্যতা: জাতপাতের বিরুদ্ধে লড়াই ও তার বিশ্লেষণ ॥
### ক্রিস্টোফ জ্যাফ্রেলো ॥ অনুবাদে: রুমা মুখার্জী





এই বইটিতে লেখক ক্রিস্টোফ জ্যাফ্রেলো ডঃ ভীমরাও আম্বেদকরের জীবনকে গভীরভাবে পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করেছেন। বইটির অন্যতম সম্পদ হল ডঃ আম্বেদকরকে তাঁর সময়ের প্রেক্ষাপটে স্থাপন করে তাঁর বহুমুখী ব্যক্তিত্বের সূক্ষ্ম অন্বেষণ। দলিত ও অস্পৃশ্যদের সামাজিক ও রাজনৈতিক ন্যায় বিচারের লক্ষ্যে বাবাসাহেব আম্বেদকরের নিরলস পরিশ্রম ও প্রচেষ্টার সুনিপুণ বর্ণনাও এই বইটিকে সমানভাবে সমৃদ্ধ করেছে। হিন্দুসমাজের বর্ণাশ্রম যা জাতিভেদ প্রথা ও সামাজিক বৈষম্যের মূল কারণ, তার সমালোচনা থেকে শুরু করে দলিত ও অস্পৃশ্যদের স্বতন্ত্র রাজনৈতিক সত্তা ও অধিকার প্রতিষ্ঠা, তাঁদের শিক্ষিত ও স্বাবলম্বী করার জন্য উৎসাহিত করা, সংবিধানে অস্পৃশ্যতা বিলোপের প্রস্তাব গ্রহণ করা, এবং সর্বোপরি সাম্যবাদী বৌদ্ধধর্মে ধর্মান্তরীকরণকে এই অস্পৃশ্যতার কলঙ্কমুক্তির একমাত্র সম্ভাব্য উপায় হিসেবে বিবেচনা করা পর্যন্ত ডঃ আম্বেদকরের জীবনের অসংখ্য অজানা তথ্য এই বইটিতে উপস্থাপিত হয়েছে। ক্রিস্টোফ জ্যাফ্রেলো এক্ষেত্রে প্রচলিত কিছু ভুল তথ্যকে নস্যাৎ করে প্রকৃত সত্য প্রকাশে সচেষ্ট হয়েছেন। দলিত ও অস্পৃশ্যদের সামাজিক ও রাজনৈতিক অধিকারসহ তাঁদের সমান অবস্থানের দাবিতে বাবাসাহেব যে বিকল্প পদ্ধতিগুলি গ্রহণ করেছিলেন তার প্রেক্ষাপট সহ সূক্ষ্ম বিশ্লেষণ এবং ভারতীয় সংবিধান প্রণয়নে তাঁর ভূমিকার উপর লেখকের সুচিন্তিত মতামত বহু পাঠক ও গবেষকদের পথ প্রদর্শকের ভূমিকা পালন করবে। রুমা মুখার্জীর প্রাঞ্জল অনুবাদে বইটি বাঙালি পাঠকদের কাছে জ্যাফ্রেলোর আম্বেদকর চর্চাকে পৌঁছে দেবে এবং বাংলার সামাজিক চালচিত্র সম্বন্ধেও প্রশ্ন তুলতে সাহায্য করবে। ৪৫০ টাকা

## শিক্ষার বিনাশকাল ॥ শুভোদয় দাশগুপ্ত




'ঔপোনিবেশিক শিক্ষাব্যবস্থার নানা অভিমুখ - ইয়ং বেঙ্গল থেকে মেকলের মিনিটস পেরিয়ে স্বাধীনোত্তর ভারতের শাসক শ্রেণীর শিক্ষা ভাবনা এদেশ-কে এক অশিক্ষার বাতাবরণে রুদ্ধ করে রেখেছে। এই পঞ্চাশ-ষাট বছরেই দেশের শিক্ষাব্যবস্থার বৃহত্তর ক্ষতি হয়েছে। এরাজ্যের এবং দেশের আজকের শাসকদলেরা এই দুর্বল শিক্ষাব্যবস্থাকেই হাতে পেয়েছে চরম ক্ষতি সাধনের যাবতীয় পরিকল্পনা সুচারু ভাবে সম্পাদন করতে। আর তাই রাজ্যে হোক অথবা দেশে, শাসকদল গুলির মুখ্য অভিমুখ শিক্ষা বিষয়ে যাবতীয় রাষ্ট্রীয় দায় থেকে মুখ ঘুরিয়ে নেওয়া।... ২৬৫ টাকা

## Dalit Life: Representations in Non-Dalit Postcolonial Drama ॥
### Srideep Mukherjee





As a discursive study of the representation of Dalit subjecthood in select postcolonial plays by non-Dalit playwrights, this volume interrogates both the exclusivist praxis of Dalit literary aesthetics, and the treatment of the marginal within the rhetoric of inclusive and tolerant nation-building. The author perceives postcolonial Indian drama as a field of broad social reflection, and resorts to Bhaba's formulation of the third space of enunciation as philosophy for deconstructing the fault lines of an essentially multicultural society. The plays foreground complex facets of Dalit-non Dalit interactions that are a reality within the space of the nation state. This challenges the assumption of Dalit subalternity as a homogeneous category, and brings to scrutiny the politics of representation across the categories of caste, class, and gender. INR 750

**প্রাপ্তিস্থান:** ধ্যানবিন্দু, দে'জ, দে বুক স্টোর (দীপুদা), বৈভাষিক, ইতিকথা বইঘর, বই-চই, প্ল্যাটফর্ম (কলেজ স্ট্রিট, কলকাতা), পাপাঙ্গুলের ঘর (সোদপুর), ভেস্ট পকেট (শ্রীরামপুর), বইওয়ালা বুক ক্যাফে, আর কে বুকস- রামকৃষ্ণ, পুস্তক মহল, বুক সেন্টার, সুবর্ণরেখা, বইঘর শান্তিনিকেতন (শান্তিনিকেতন), মালদা পুনশ্চ (মালদা), বই-চিত্র (আমোদপুর)

**অনলাইন:** www.birutjatio.org, www.boighar.in, flipkart.com, amazon.in

**বাংলাদেশ:** তক্ষশিলা (01937277729 / 01712722618)

## Multiculturalism and Democracy Australian and Indian Contexts ॥ Edited by Angshuman Kar




The relationship between multiculturalism and democracy is close and intimate; the two are inextricably linked. A multicultural society strengthens democracy because democracy prioritises diversity and grants minorities equal status and rights. This book examines the similarities and differences between the versions of multiculturalism in Australia and India. Particular attention is paid to their histories, ideological orientations, and the challenges they continually face. The interface between multiculturalism and democracy has also been examined in detail in this book.. INR 750


# গদ্য

## চিত্তপটে আঁকা ॥ ঈশানী গুপ্ত ধর




দেশভাগের আগে থেকে বিংশ শতাব্দীর অনেকটা জুড়ে এক বৈচিত্রময় কাল। আজকের বাঙালি সেইকালের কিছু কিছু আভাস পায় সে যুগের মানুষের স্মৃতিচারণার মাধ্যমে। সেই সময়ে গুপ্ত পরিবার এক গুপ্তধনের ভান্ডার। এই পরিবারে আইনজীবী, শিক্ষাবিদ, সাহিত্যসেবী ইত্যাদি ভিন্ন ভিন্ন সব জীবিকার মানুষ ছিলেন, যাঁরা সেই সময়ের সংস্কৃতির সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িয়ে ছিলেন। কত রকম মানুষের সংসর্গে এসেছিলেন তাঁরা। ইন্দিরা দেবী চৌধুরানী, সত্যেন বসু, প্রমথনাথ বিশী, সুকুমার সেন, পুলিন বিহারী সেন, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, মহাশ্বেতা দেবী-কে নেই! সেই সময়ের একটা চিত্র তুলে ধরেছেন গুপ্ত পরিবারের কন্যা ঈশানী গুপ্ত (ধর)। এরই ফাঁকে পারিবারিক চালচিত্র দাদু, ঠাকুমা, মা, বাবা, কাকা, কাকিমা এঁদের নিয়েও নানা কথা উঠে এসেছে। লেখিকা একটি হারিয়ে যাওয়া কালকে ধরে রেখেছেন স্বচ্ছ সাবলীল ভাষায়। এক মুহূর্তও বইএর পাতা থেকে চোখ সরানো যায় না। **২৬৫ টাকা**

## দরবেশ ॥ বিজন কুমার সিনহা




স্মৃতি এক জলজ দর্পণ। তাতে খেলা করে নানা রঙের বর্ণালি। স্বাধীনতা ও দেশভাগের আগের সময় থেকে একুশ শতকের সূচনা পর্যন্ত দীর্ঘ সময়ের মায়াময় এক আলেখ্য সুরেলা সংগীতের মতো ধ্বনিত হয়েছে এই স্মৃতিসম্পুটে। বিচিত্র জীবন-অভিজ্ঞতা এই লেখকের। গৃহশিক্ষকতা থেকে সেন-র‍্যালে, টেলকো হয়ে কোল ইন্ডিয়ার কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষের আসনে - এমনকী চিত্রশিল্পের আঙিনাতেও তাঁর অবাধ আঁকিবুঁকি। বিষ্ণুপুর থেকে জামশেদপুর, কাশ্মীর থেকে কুলু-মানালি, অস্ট্রেলিয়া বার্মা মায়নামার রেঙ্গুন - জীবনের সারি সারি দৃশ্যকল্প ভিড় করে এসেছে তাঁর লিখনে। সাঁইথিয়ার এক দরবেশ তাঁকে শুনিয়েছিলেন জীবনবোধের গান। বিজনকুমার সিনহার এই বইও জীবনের নানা অভিজ্ঞতা ও অনুভূতির বুননে হয়ে উঠেছে যেন দরদি দরবেশের এক আশ্চর্য আলখাল্লা। **৮০০ টাকা**


## শুনছ ,কালপুরুষ? ॥ শৈবাল বসু




লেখকের জন্মের সাথে জড়িয়ে থাকে সত্তরের দশক আর তাঁর দাদুর গুলিতে নিহত হওয়ার বহমান পারিবারিক ক্ষত। মফস্বল শহরে আশ্চর্য শৈশব কিশোর বেলায় দেখা তাঁর পূর্বমাতৃকাদের মানবীবেলা। ছোট ছোট আখ্যানে বুনে চলা অশেষ কথকতার ফাঁকে ধরা থাকে পাঁচ দশকের প্রান্তজনের ইতিহাস, আসে ইন্দিরা গান্ধী হত্যা, বাবরি মসজিদ ডিটেনশন ক্যাম্প, আসে শান্তিনিকেতন আশ্রম, জয়রামবাটি গ্রাম, আসেন মোহন সিং, রেবা হোর, শঙ্খ ঘোষ, গৌরী ঘোষ, নবনীতা দেবসেন প্রমুখ কৃতবিদ্য মুখ একান্ত সূত্রে, আসেন ঠিকা কাজের শোলক-বলা সন্ধ্যাবুড়ি, রেলগাড়ি, যুবতী বিধবার ইলিশ আঘ্রাণ, আর ফিরে ফিরে আসে রবীন্দ্রগান। কথকতার কেন্দ্রে যেমন থাকে কাল, তেমনই। এই বই সেই উদাসী কালপুরুষের সাথে লেখকের ব্যক্তিগত সংলাপ। **২৮৮ টাকা**

## চিঠিপত্র


### চিঠিপত্রের কবিরুল: কবিরুল ইসলামকে লেখা বিশিষ্টজনেদের চিঠি ॥ সম্পাদনা মলয় ঘোষ




বাংলার সাহিত্যাকাশে কবিরুল ইসলাম একটি স্বতন্ত্র কাব্যময় নাম হিসেবে চিহ্নিত হয়ে থাকবে চিরকাল। সঞ্জয় ভট্টাচার্য বলেছিলেন, যাঁর নামের অগ্রে কবি শব্দ বিরাজমান, তিনি তো কবি হবেনই। সেই কথার মর্যাদা কবিরুল ইসলাম সক্ষমতার সঙ্গে রক্ষা করতে সমর্থ হয়েছেন। বাংলা সাহিত্যে তাঁর সহজিয়া ধারার কবিতায় বীরভূম এবং তার প্রকৃতিকে যেমন তিনি ছুঁয়েছেন অকৃত্রিম সহৃদয়তায়, ঠিক তেমনি তাঁর কবিতার মূল প্রোথিত হয়েছে এই মহাবিশ্বের মহাসত্যে। কবিরুল ইসলামের লেখালেখির সূত্রপাত পঞ্চাশের দশকে হলেও তাঁর কবিপরিচিতি ষাটের দশক থেকেই শুরু হয়। সেই সময়ে যাঁরা সাহিত্যক্ষেত্রে স্বমহিমায় বিরাজ করছেন, তাঁদের অধিকাংশের সঙ্গেই নিবিড় যোগ ছিল কবিরুল ইসলামের। আর সেই যোগাযোগের একটা বড়ো মাধ্যমই ছিল চিঠিপত্র (ভাগ্যিস সে সময় অন্তর্জালের জাল তাঁদের বন্দী করেনি)। কবিরুল ইসলামের কাছে এই সমস্ত বিশিষ্টদের চিঠি আসত নিয়মিতই। সেই চিঠিগুলি শুধু কবিরুল ইসলামের কাছেই মূল্যবান ছিল না, বাংলা সাহিত্যের ক্ষেত্রেও এর মূল্য ছিল অপরিসীম। কারণ কবিরুল ইসলামকে লেখা এইসব চিঠিপত্র যেমন কবিরুল ও পত্রলেখকের সম্পর্কের বিষয়ে আমাদের জ্ঞাত করে, ঠিক তেমনি সেই সময়ের সাহিত্যের পরিবেশ, পরিস্থিতি ও নানান ঘটনাকেও আমাদের চেতনায় প্রতিভাত করে যথার্থভাবেই। তাই এই চিঠিগুলি পত্রলেখক ও কবিরুল ইসলামের ব্যক্তিগত সম্পর্কের বেড়াতেই শুধু সীমাবদ্ধ থাকে না, বরং ব্যক্তিক অনুভবের গণ্ডি টপকে সেগুলি অবলীলায় উঁকি দেয় এক অনাস্বাদিত নৈর্ব্যক্তিকতায়। চিঠিগুলির মধ্যে শুধু যে রচনাশৈলীর ভিন্ন ভিন্ন আঙ্গিক ধরা পড়ে তাই নয়, চিঠিগুলির মধ্যে ভাবের অভিনবত্ব, শব্দ-ব্যবহার ও শব্দ তৈরির নানান কৃৎকৌশলও আমাদের নতুন ভাবনায় জারিত করে। সাহিত্যের গবেষণায় যাঁরা নিয়োজিত এবং যাঁরা সৃষ্টি সত্তার গভীরে অনুসন্ধিৎসু চিত্তের অনুশীলনে ব্যাপৃত, তাঁদের কাছেও চিঠিগুলি বিশেষ গুরুত্ব পাবে বলেই আমরা মনে করি। ৩৮০ টাকা


## উপন্যাস

### নিরন্ন ॥ আদিত্য সেন




খাদ্য শুধু ক্ষুধা নয়, বহু যুগ ধরে খাদ্য হল রাজনীতির মূল মন্ত্র। আধুনিক সমাজে সেই রাজনীতির প্রসারিত হাত পরিব্যাপ্ত। খাদ্য উৎপাদনের সঙ্গে জড়িত কৃষক, খাদ্যের সঙ্গে জড়িত হাজার জটিল স্বার্থান্বেষী মানুষের কাহিনী নিয়ে 'নিরন্ন' উপন্যাস। ঐতিহাসিক কাল থেকে আজ পর্যন্ত খাদ্য নিয়ে যে হাজার সূক্ষ্ম রাজনীতির সূত্রপাত হয়েছে—তারই কাহিনী রয়েছে এই বিপুল ট্রিলজি উপন্যাস 'নিরন্নে'। দ্বিতীয় বিশ্বযুদ্ধ, রাজনীতি, স্বাধীনতা আন্দোলন, মুসলিম সমাজ ও সরকার, ফজলুল হক, সোহরাবর্দী, নাজিমুদ্দিনের মত ঐতিহাসিক চরিত্রও যেমন আছেন, আবার তাঁদের ঘিরে অসংখ্য সাধারণ মানুষের বিচিত্র চরিত্র, তাঁদের বিকাশ, সংঘাত এই উত্তাল সময়কে জীবন্ত করে তুলেছে। দিল্লিতে বা রাজনীতির সিংহদ্বারে খাদ্যনীতি নির্ধারিত হলেও যুগে যুগে তা কীভাবে রূপায়িত হয়েছে বাংলায়—এ উপন্যাস তারই অলিখিত কাহিনী। ১৫০০ টাকা

### River: An American Dreaming ॥ Christoph Keller




RIVER An American Dreaming is a hallucinatory novel about a buried river, a legendary snake, and a nation dreaming itself into madness. Christoph Keller blends myth, satire, and urban archaeology to explore the fevered roots of the American experiment. At the center sits Kurt H. Adler, a wheelchair-using archaeologist drawn into a vortex of violence, possession, and vision. Echoing Lenape cosmology, Bulgakov, and Mephistopheles, RIVER is a rare literary feat: unsettling, lyrical, and urgently of our time. INR 1200

# বীরুৎজাতীয় সাহিত্য সম্মিলনী

www.birutjatio.org birutjatio@hotmail.com

যোগাযোগ: ৯৬৩৫৭২৭৩৩১ ৯৪৭৫৪৫৩৭৯৫ ৯৭৩২০৭১৩৭০

## কবিতা/ছড়া

### গুঁড়ো মশলা (দুই) ॥ কাবেরী গোস্বামী




নারীবাদী কবি কাবেরী গোস্বামীর কবিতা জন্ম নেয় হেঁসেলের মাঝখানেই - হাঁড়ি-পাতিলের ফাঁকে-ফাঁকে, নিত্যদিনের আশ্চর্য ছন্দে। সমাজের ছোট-বড় ঘটনা, সেসব ঘটনার ভিন্ন-ভিন্ন চরিত্র কীভাবে নিঃশব্দেও এসে মেয়েদের জীবনে ছাপ রেখে যায় খুব - এই তাঁর কবিতার বিষয়। যে হাতে হেঁসেল সামলানো, সেই হাতেই কলম চলে অবলীলায়, সমান দক্ষতায়। এই কবিতাগুচ্ছের নাম কবি রেখেছেন গুঁড়ো মশলা (দুই)। ১০০ টাকা





ছন্দ কথা
উৎসা বন্দ্যোপাধ্যায়
২২০ টাকা





আজকাল কোথায় থাকো?
চিরন্তন প্রামাণিক
২০০ টাকা





খঞ্জনি ও ক্ষণকাল
গৌতম সাহা
১৫০ টাকা




অন্তরাগ
আতিকুর রহমান
২০০ টাকা




INTROSPECTIVE SOLILOQUIES
Richard C. Bower
INR 400





From the Ganga
to the Tay
A Poetic Conversation Between The Ganges And The Tay
An epic poem by BASHABIFRASER
Photographs by KENNY MUNRO and BASHABI FRASER
INR 225


বীরুৎজাতীয়র স্টল নং
৪৫৬
৬ ও ৭ নং গেটের কাছে...

# পূর্বে প্রকাশিত বইপত্র

**প্রবন্ধ/ বিবিধ**

## ভারতীয় গয়নার ইতিহাস ॥ সংকলক ও সম্পাদনা দীপঙ্কর পাড়ুই





সকল যুগে সকল অবস্থায় মানুষ সৌন্দর্যের উপাসক। সে সৌন্দর্যের অন্বেষণে চিরজীবন ঘুরিয়া বেড়ায়। মানুষ পৃথিবীতে জন্মায়, সেখানে সৌন্দর্য উপলব্ধির জন্য কিছুদিন সুখ-দুঃখ ভোগ করে, হাসে-কাঁদে, মৃত্যুকে বরণ করে। কিন্তু যতদিন সে পৃথিবীতে থাকে, সৌন্দর্যের আকর্ষণে মুগ্ধ হইয়া তাহারই সন্ধানের জন্য ধন, ঐশ্বর্য, সুখ, যশ, প্রতিপত্তির মধ্যে সৌন্দর্যের অন্বেষণে সে ছোটে। সৌন্দর্যের জন্য সে লালায়িত, কিন্তু জানে না সে, তাহার সৌন্দর্যোপলব্ধি কিসে হইবে। অথচ তাহার নিজের মধ্যে এমন একটা কিছু আছে যাহাকে পাইবার জন্য সে নিরবধি অসহ্য দুঃখকষ্ট সহ্য করিয়াও বাঁচিয়া থাকিতে চায়। নিজের অজ্ঞাতসারে নিশ্চয়ই সে কিছুর আস্বাদ পাইতেছে যাহাকে ছাড়িয়া থাকা তাহার পক্ষে অসম্ভব। তাহাকে সেই অজ্ঞাত বস্তুর জন্য আগ্রহান্বিত হইয়াই যেন বাঁচিয়া থাকিতে হইবে। **৮০০ টাকা**

## রাঢ়বঙ্গের দেওয়ালি পুতুল ॥ সুমন কুমার গায়েন





রাঢ় বাংলার দীপাবলি পুতুলের প্রসিদ্ধি সর্বজনবিদিত.. তার স্বতন্ত্র গড়ন গুণে এক ঝলকেই তাকে চিনে নেওয়া যায়.. তবে এই সাধারণ গুণটি বাদ দিলেও স্থান ভেদে এর গড়ন ও বাহারিতে বৈচিত্র্য অনেক.. বহু গ্রাম ঘুরে বহু কারিগরের সংস্পর্শে এসে দীপাবলি পুতুলের নির্মাণকৌশল ও লোকচৈতন্যে তার ইতিহাসের খুঁটিনাটি সংগ্রহ করেছি.. আপনাদের কাছে সে সব কথা সবিস্তারে শোনাবো বলেই এই বইটি লেখা... **২৫০ টাকা**

## বিপ্লবীদের গল্প শোনো ॥ রুদ্র প্রসাদ সিন্‌হা




আমরা অনেকেই থ্রিলার পড়তে ভালোবাসি। সেইসব বেশিরভাগই কাল্পনিক থ্রিলার। এই গ্রন্থে উল্লেখিত চোদ্দজন জানা-অজানা বিপ্লবীর জীবনের মর্মস্পর্শী সত্যি ঘটনাগুলির সামনে ম্লান হয়ে যেতে বাধ্য সেইসব কাল্পনিক থ্রিলার। ক্ষেত্রবিশেষে বাস্তব যে কল্পনার থেকেও অবিশ্বাস্য হয়ে উঠতে পারে এটা অনুভব করতে হলে পড়তে হবে গ্রন্থটি। মৃত্যুর সমীপে দাঁড়িয়েও বিপ্লবীদের নির্ভীক নিরাসক্ত কথোপকথন ও কর্মকাণ্ড আমাদের মুখোমুখি করে এক অনবদ্য জীবনদর্শনের। এই মৃত্যুহীন জীবনকে আমরা স্পর্শ করব তাঁদের প্রতিটি কাজে, কথায়, চিঠিতে। বেশিরভাগ মানুষ যতদিন না ঠিকভাবে মানুষ হয়ে উঠতে পারছে ততদিন মানুষ হয়ে ওঠার জন্য বীরত্ব প্রয়োজন। এই বীরত্ব অর্জনের একটি পথ হল বীর ব্যক্তিগণের জীবন অনুধ্যান। এই উদ্দেশ্যে আজকের ছাত্র-যুবদের অবশ্যই হাতে নিতে হবে গ্রন্থটি। **২৫০ টাকা**

## কবি জয়দেব ও জয়দেব মেলা: সাহিত্য সংস্কৃতির মেল বন্ধন ॥ রণজিৎ মুখোপাধ্যায়




গ্রন্থটি সুঠাম; ‘কলেবর খাটো নয়’। বিষয়গত বৈচিত্র্যও সহজেই নজরে পড়ে। পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ। আলোচনার আবহে কবিরাজ জয়দেব গোস্বামীর শ্রীশ্রীগীতগোবিন্দম্ থেকে মধুরকোমলকান্তপদাবলী উদ্ধৃত হয়েছে। কুতূহলী ও সংবেদনশীল পাঠকের ঋদ্ধ ও তৃপ্ত হওয়ার কথা। জিজ্ঞাসু পাঠকের কথা ভেবেছেন সহৃদয় প্রবীণ লেখক। তাই শুধু কবি জয়দেব, গীতগোবিন্দ ও জয়দেব মেলা নয়। আলোচ্য সূচির অন্তর্ভুক্ত আরও বহুবিধ আনুষঙ্গিক বিষয়। বাউল প্রসঙ্গ, বুদ্ধাবতারের আরাধনাস্থল ও অজয়নদ তীরবর্তী কবির জন্মভূমির নিকটবর্তী জনপদগুলোর আর্থ-সামাজিক কথা-পরিচয় গ্রন্থভুক্ত হয়েছে। এ সব বিষয়ে গুণী সাহিত্যবেত্তাদের মতামত ভক্ত ও রসিক পাঠকদের কাছে বক্ষ্যমাণ গ্রন্থটিকে সমাদৃত করে তুলবে– এ আশা অমূলক নয়। **৬৫০ টাকা**

## আমাদের গৌরী বসু ॥ সম্পাদনা নবকুমার বসু ও বুলবুল বসু




এই গ্রন্থের নিরিখে এ কথা নিশ্চিতভাবে বলা যায়, সমরেশ-সহধর্মিনী গৌরী বসুর মতো উদার-স্নেহশীলা-সংগ্রামী এবং বিরল শিল্পীমনা এক মহিলাকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে আবার নতুন করে আলোয় আনার উদ্যোগে আনন্দিত এবং উপকৃত হবেন সমরেশ-অনুরাগী পাঠকবর্গ এবং গবেষণাকারীরাও। **৫৫০ টাকা**

## থিয়েটারের কলকাতা:সাহেবপাড়ার প্লে-হাউস থেকে স্বদেশী নাট্যশালা ॥ সলিল সরকার





কলকাতা নামটা কলকাতা হল কেন সেই নিয়ে নানা মুনির যেমন নানা মত, আবার কলকাতার অনেক অঞ্চলের নাম নিয়েও বিস্তর মতভেদ আছে। তবে শোনা যায় ধর্মতলা থেকে ভবানীপুর অঞ্চলের মাঝখানে মস্ত যে জঙ্গল ছিল তাকেই বলা হত চৌরঙ্গির জঙ্গল। চৌরঙ্গির সেই বিশাল জঙ্গলে বাস করতেন বাতে পঙ্গু এক খোঁড়া সাধু। তার নাম ছিল নাকি চৌরঙ্গী নাথ। তার নাম থেকেই জঙ্গলটার নাম চৌরঙ্গি কি না সে কথা বলবেন গবেষকরা—আমরা শুধু জানি ওই জঙ্গল যখন অনেকটা কেটেকুটে সাফ—রয়েছে গোটা ছয়েক বড়োছোটো পুকুর আর পাখপাখালি। ধর্মতলা থেকে বীরজিতালাও-এর মধ্যে তখন ধানের জমি, ফলের বাগান, নয়তো হোগলার বনবাদার। তারই মধ্যে কলকাতার নাট্যরসিকরা বীরজিতালাও-এর কাছাকাছি চৌরঙ্গি রোডের উপরে চাঁদা তুলে একটা মঞ্চ বা প্লে-হাউস তৈরি করলেন। স্বাভাবিকভাবেই তার নামকরণ করা হল চৌরঙ্গি থিয়েটার। ৫০০ টাকা

## কালাপানির পরপারে: বাঙালীর চোখে বিলাত ॥ সংকলন ও সম্পাদনা- সোমদত্তা মণ্ডল





**(১৮৭৭- ১৯১২) প্রথম খণ্ড** উনিশ শতকের শেষ দুই দশক থেকে ভারতবর্ষ থেকে বিলাত যাওয়া কোনো ব্যতিক্রমী ঘটনা ছিল না। সে সময়ে পশ্চিমী শিক্ষায় শিক্ষিত বাঙ্গালীর কাছে ‘বিদেশ ভ্রমণ’ আর ‘বিলাত ভ্রমণ’ প্রায় সমার্থক ছিল আর কল্পনার বিলাতের রং-রূপও ছিল অসামান্য। এক কথায় বাঙ্গালীর চোখে বিলাত ছিল তাদের নবলব্ধ নৈতিক, নান্দনিক, আধুনিক চেতনার চূড়ান্ত রূপ। এই সংকলন ঔপনিবেশিক কালে বাংলা থেকে বিলাত যাবার নানাবিধ ভ্রমণ আলেখ্যর উপর আলোকপাত করেছে। বিভিন্ন রকমের উদ্দেশ্যে সাগরপাড়ি দেওয়ার কারণ যেহেতু এক ছিল না, অথবা এক হ’তে পারে না, এই অসংখ্য ভ্রমণ আলেখ্যর বৈচিত্রের একটা নির্বাচিত রূপরেখা দেবার প্রচেষ্টা করা হয়েছে এই সংকলনে। বাংলায় লেখা এই সব আখ্যান গঠনশৈলীর দিক দিয়েও নানাবিধ – চিঠি, ডায়েরি, আত্মকথা, স্মৃতিকথা, কাব্য, ছোট গল্প, আর নিছক বর্ণনামূলক সাহিত্য। ১৮৭৭ থেকে ১৯১২ সালের মধ্যে রচিত ষোলটি বাংলা ভ্রমণ আলেখ্য নির্বাচন করে এই সঙ্কলন।




**(১৯১৪ – ১৯৬০) দ্বিতীয় খণ্ড** উনিশ শতকের শেষ দুই দশক থেকে বাঙ্গালীর বিলাত যাওয়া কোনো ব্যতিক্রমী ঘটনা ছিল না। সে সময়ে পশ্চিমী শিক্ষায় শিক্ষিত বাঙ্গালীর কাছে ‘বিদেশ ভ্রমণ’ আর ‘বিলাত ভ্রমণ’ প্রায় সমার্থক ছিল আর কল্পনার বিলাতের রং-রূপও ছিল অসামান্য। এক কথায় বাঙ্গালীর চোখে বিলাত ছিল তাদের নবলব্ধ নৈতিক, নান্দনিক, আধুনিক চেতনার চূড়ান্ত রূপ। এই সংকলন প্রথম বিশ্বযুদ্ধের সময় থেকে বিংশ শতাব্দীর ষাটের দশক পর্যন্ত বাংলা থেকে বিলাত যাবার নানাবিধ ভ্রমণ আলেখ্যর উপর আলোকপাত করেছে। এদের মধ্যে কেউ কেউ গেছেন নিছক বেড়াতে, কেউ উচ্চশিক্ষার জন্য, কেউ ব্যবসার খাতিরে, আবার কোন কোন মহিলা তাদের স্বামী অথবা পরিবারের লোকজনের সাথে কেবলমাত্র সঙ্গী হিসাবে। বাংলায় লেখা এই সব আখ্যান গঠনশৈলী দিক দিয়েও নানাবিধ – চিঠি, ডায়েরি, আত্মকথা, স্মৃতিকথা, কাব্য, ছোট গল্প, আর নিছক বর্ণনামূলক সাহিত্য। সঙ্কলনের এই দ্বিতীয় খন্ডে ১৯১৪ থেকে ১৯৬০ সালের মধ্যে রচিত ষোলটি বাংলা ভ্রমণ আলেখ্য নির্বাচিত হয়েছে।
৭০০টাকা প্রতি খণ্ড

## কাব্য-পরিমিতি যতীন্দ্রনাথ সেনগুপ্ত ॥ সম্পাদনা- শম্ভুনাথ কর্মকার




ভারতীয় কাব্যতত্ত্বের ইতিহাসে রসবাদের প্রতিষ্ঠা একটি চমকপ্রদ ব্যাপার। রসধ্বনির নান্দনিক মূল্য স্বীকার ক’রে নিয়ে কয়েকজন আলংকারিক পৃথকভাবে ধ্বনিবিচার করতে সচেষ্ট হয়েছেন; যৌক্তিক সামঞ্জস্যে এবং দার্শনিক সুষমায় তাঁরা কেউ কেউ সফল আবার অনেকেই ব্যর্থ। শুধুমাত্র পারিভাষিক শব্দের তালিকা তৈরি ক’রে এ-কাজে অগ্রসর হওয়া অসম্ভব। হৃদয়গত ভাব এবং বুদ্ধিগত রম্যার্থের দ্যোতনায় অভিষিক্ত কবিতার পাঠপ্রতীতির ভিন্নতা-সম্বন্ধে স্বচ্ছ ধারণা থাকলে কাজটি আরও সহজ হয়। কবি যতীন্দ্রনাথ সেই আলোকবিম্ব ধারণার অধিকারী ছিলেন। তাই দ্রুতি ও দীপ্তির রসরহস্য-উদ্ঘাটন থেকে শুরু ক’রে এক উজ্জ্বল সমুন্নত কাব্যবোধ তাঁর বিশ্লেষণে পরিব্যাপ্ত হয়ে আছে। বিশ শতকে বাংলা ভাষায় প্রথম অলংকারশাস্ত্র-চর্চায় মনোনিবেশ করেছিলেন যে-দুজন মনস্বী তাঁদের মধ্যে একজন অতুলচন্দ্র গুপ্ত এবং অপরজন যতীন্দ্রনাথ সেনগুপ্ত। ‘কাব্যজিজ্ঞাসা’র অব্যবহিত পরেই ‘কাব্য-পরিমিতি’র প্রকাশ এক হিসাবে সাহিত্য-জগতে ঐতিহাসিক ঘটনাও বটে। কারণ এটি বাংলা ভাষায় একজন কবি-লিখিত ভারতীয়-কাব্যতত্ত্ব সম্বন্ধে একটি একক বই। ২৮৮ টাকা


**প্রাপ্তিস্থান:** প্রতিক্ষণ, প্ল্যাটফর্ম, ধ্যানবিন্দু, দে’জ, দে বুক স্টোর (দীপুদা), বৈভাষিক, ইতিকথা বইঘর, (কলেজ স্ট্রিট, কলকাতা), পাপাঙ্গুলের ঘর (সোদপুর), ভেস্ট পকেট (শ্রীরামপুর), বইওয়ালা বুক ক্যাফে, আর কে বুকস- রামকৃষ্ণ, পুস্তক মহল, বুক সেন্টার, সুবর্ণরেখা, বইঘর শান্তিনিকেতন (শান্তিনিকেতন), মালদা পুনশ্চ (মালদা), বই-চিত্র (আমোদপুর)
**অনলাইন:** www.birutjatio.org, www.boighar.in, flipkart.com, amazon.in
**বাংলাদেশ:** তক্ষশিলা (01937277729 / 01712722618)

## চণ্ডীমণ্ডপ ॥ স্বপনকুমার ঠাকুর




প্রতিদিনের যাপনে আচার-সংস্কারের যে রূপ আমরা দেখি, তার শিকড় খুঁজলে পাওয়া যেতে পারে প্রাগৈতিহাসিক কোনো অভ্যাসে। সমষ্টির সামাজিক সাংস্কৃতিক জীবনে সেই সূত্রের সন্ধান করে চলেন কেউ কেউ। মেলে পরশপাথরের সন্ধান- উঠে আসে মিথ, কিংবদন্তি, আবহমান মৌখিক ইতিহাসের সমৃদ্ধ ধারা। সেই প্রবহমানতার সাক্ষী যেন 'চণ্ডীমণ্ডপ', একসময় গ্রামজীবন আবর্তিত হত যাকে কেন্দ্র করে। যার কাঠামোয় মিশে আছে সমৃদ্ধি আর ক্ষয়ের সংলাপ। স্বপনকুমার ঠাকুর তাঁর চণ্ডীমণ্ডপ বইটিতে সেই সংলাপকে উপস্থাপিত করেন এক ভিন্ন আঙ্গিকে, ইতিহাস আর আখ্যানের সচেতন বুননে। **২৬৫ টাকা**

## বাংলার লোকইতিহাস ও লোকসংস্কৃতি ॥ স্বপনকুমার ঠাকুর




প্রত্নযুগ থেকে প্রবহমান বাংলার লোকইতিহাস ও লোকসংস্কৃতির সজীব পরম্পরাকে তুলে ধরা হয়েছে ২৩টি সুনির্বাচিত রচনার মধ্য দিয়ে। একদিকে ডাঙাডহরের প্রত্ন-বৃত্তান্ত, রাঢ়ের বিষ্ণুপুজো থেকে শুরু করে পৌষবুড়ির লোকইতিহাসসহ মহাপ্রভুর রাঢ় পরিক্রমা। অন্যদিকে বাংলার উৎসব, বার-ব্রত, বিচিত্র লোকদেবদেবীর কথা, লোকসাধকের অমৃতময় জীবনী, ভয়াল দস্যুকাহিনি, নামাবলী, ভূতের ভবিষ্যৎ, লোকভাষা, প্রস্তরমন্দিরের ইতিকথা, লোকশিল্প থাকা, জগন্নাথ পির ইত্যাদি নানা বিচিত্র বিষয় আলোচিত হয়েছে নিবিড় ক্ষেত্রসমীক্ষার প্রেক্ষিতে। **২৮৮ টাকা**

## লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের অন্দরমহল ॥ দীনবন্ধু কুণ্ডু



লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের অন্দরমহল কোনো প্রথাগত গবেষণা গ্রন্থ নয়। লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের কোনা একটি নির্দিষ্ট উপাদানের ক্ষেত্রসমীক্ষামূলক গ্রন্থও নয়। লোকসংস্কৃতির ও লোকসাহিত্যের তত্ত্বগত দিকের তুলনায় প্রায়োগিক দিকটিকেই বেশি প্রাধান্য দেওয়া হয়েছে। বাংলাদেশে লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের অধিক প্রচলিত ও জনপ্রিয় উপাদান ও উপকরণগুলি সম্পর্কে প্রাথমিক ও সুস্পষ্ট ধারণা দেওয়ার চেষ্টা রয়েছে এই গ্রন্থে। পাশাপাশি লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের বিভিন্ন উপাদান ও উপকরণগুলির পারস্পরিক সম্পর্ক নির্ণয় করার চেষ্টা করা হয়েছে। নতুন পাঠকদের ও লোকসংস্কৃতি ও লোকসাহিত্যজিজ্ঞাসু সাধারণ পাঠকদের লোকসংস্কৃতি ও লোকসাহিত্য সম্পর্কিত প্রাথমিক ধারণা পেতে এই গ্রন্থ বিশেষ সহায়তা করবে। **২০০ টাকা**

## মাস্টারমশাই ॥ সংকলন: মহম্মদ মোজহারুল হামিদ




'মাস্টারমশাই শব্দটির সঙ্গে জড়িয়ে আছে বিশ্বাস। যে বিশ্বাস আমাদের শ্রদ্ধাবনত হতে শেখায়, যে বিশ্বাস আমাদের প্রত্যয়ী করে তোলে, যে বিশ্বাস ধীরে ধীরে আমাদের ভিতরের আমিকে চিনতে সাহায্য করে। তাই গুরু বা মাস্টারমশাইয়ের সঙ্গে রচিত হয় নাড়ির যোগ। গুরু তাঁর ভাঁড়ার উজার করে দেন শিষ্যের কাছে। তখন শিক্ষকতাকে আর পেশা হিসেবে দেখতে পারি না, তা হয়ে ওঠে এক ব্রত, এক সাধনা। যুগে-যুগে কালে-কালে পৃথিবীর সব প্রান্তে এই সাধনায় লিপ্ত আছেন আদর্শ মাস্টারমশাইরা।' **২৬০ টাকা**

## শান্তিনিকেতন সংস্কৃতির সন্ধানে চাঁদের হাট সংকলন

### সম্পাদনা: শর্মিলা রায় (পোমো), শিবাদিত্য সেন, কুন্তল রুদ্র



শান্তিনিকেতনের প্রাত্যহিক জীবন, উৎসব ও সাহিত্যসভা, পঠনপাঠনের বিশেষ রীতি, সমাজহিতকর কাজকর্ম, লোকসাহিত্য, শিল্পকলার প্রতি অনুরাগ– সেই বৈচিত্র্যের প্রকাশ ঘটেছে এই সংকলনে। (দ্বিতীয় সংস্করণ প্রস্তুতির পথে) **৩০০ টাকা**

## সব প্রবন্ধ রাজনৈতিক ॥ বিশ্বজিৎ রায়




রাজনীতি কি কেবল দল করে? ব্যক্তি করে না? করে। অবশ্যই করে। নাহলে সে লড়বে কেমন করে? এ বই দলের সঙ্গে একার, বিশেষ সাংস্কৃতিক অবয়বের সঙ্গে আরেক সংস্কৃতির, পাঠ্যসূচির সঙ্গে ব্যক্তিগত অভিরুচির, হিন্দুত্ববাদীদের সঙ্গে না-হিন্দুত্ববাদীদের সংঘর্ষের নানাদিককে তুলে ধরছে। এ বইয়ের শুরু রবীন্দ্রনাথে, শেষ হাঁসদা শোভেন্দ্রশেখরে। সময়ের স্রোত রবীন্দ্রনাথের প্রতিষ্ঠান ও সাঁওতাল পাড়ার মধ্যে পাঁচিল তুলেছে, বড়ো-ছোটো পাঁচিল। ২৫০ টাকা

## শিক্ষাসত্র: এক কবির ইস্কুল ॥ মহম্মদ মোজহারুল হামিদ





শিশুকে পরিপূর্ণ শিক্ষাদানের উদ্দেশ্য নিয়েই রবীন্দ্রনাথ তাঁর ব্রহ্মচর্য বিদ্যালয় (বর্তমান পাঠভবন) প্রতিষ্ঠা করেন। বৌদ্ধিক জ্ঞানের বিকাশ ঘটিয়ে কেবলমাত্র qualified candidate তৈরি করা নয়, শিক্ষার্থীকে বাস্তববাদী চিন্তাশীল কুতুহলী সচেতন এবং সর্বোপরি একজন সামাজিক জীব হিসেবে গড়ে তোলাই তাঁর মূল উদ্দেশ্য ছিল। এই কারণেই তাঁর বিদ্যালয়ে প্রতিযোগিতার ইঁদুরদৌড় ছিলনা। কিন্তু স্বল্পকিছুদিনের মধ্যেই সেই বিদ্যালয় নানান পরিস্থিতির শিকার হয়ে তার উদ্দেশ্য থেকে একটু একটু করে সরে আসতে বাধ্য হয়। ব্যথিত রবীন্দ্রনাথ তখন দ্বিতীয় আর একটি বিদ্যালয় প্রতিষ্ঠার পরিকল্পনা করেন। ১৯২৪ সালের ১জুলাই প্রতিষ্ঠিত হ'ল রবীন্দ্রনাথের 'সত্যিকার আদর্শ বিদ্যালয়' শিক্ষাসত্র। যা তৈরি হয়েছিল মনুষ্যত্বের পরিপূর্ণ বিকাশ সাধনের উদ্দেশ্য নিয়ে। ২৫০ টাকা

## আমি তোমাদেরই লোক: শতবর্ষে সোমনাথ হোর ॥ সম্পাদনা শর্মিলা রায় পোমো



সামাজিক বৈষম্য, দারিদ্র্য, ধনতন্ত্রের দমননীতি ও অমানবিকতা মানুষের দেহে ও হৃদয়ে চিহ্ন রেখে যায়। সোমনাথ হোর তাদের বলছেন 'ক্ষত'। ছাপাছবি ও ভাস্কর্যের মধ্য দিয়ে এই 'ক্ষত'-র রূপায়ণ ছিল তাঁর শিল্পের মূল বিষয়। তরুণ বয়স থেকে সাম্যবাদে বিশ্বসী সোমনাথ হোর অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম করেছেন আমৃত্যু। পার্টি ছেড়েছেন, সাম্যবাদ নয়। তাঁর শিল্পী, শিক্ষক ও মানুষ সত্তার কতগুলি দিক ধরা রইল এই সংকলনে। ২০০ টাকা

## রবিলিপিকর শ্রীসুধীরচন্দ্র কর ॥ সায়ন্তন মজুমদার




গুরুদেব রবীন্দ্রনাথের অনুলেখক বা এককথায় রবিলিপিকর ছিলেন সুধীরচন্দ্র কর (১৯০৬-৭৭)। রবীন্দ্রজীবনীকারের মতে কবির 'খাস মুন্সী'। আবার তাঁকে রবীন্দ্ররচনার ভাণ্ডারীও বলা যায়। রবিস্মৃতিমূলক 'কবি-কথা', রবীন্দ্রচেতনাপ্রবাহী 'জনগণের রবীন্দ্রনাথ' প্রবন্ধগ্রন্থ, মহাকাব্যিক 'জনগণমন' নাট্যগ্রন্থ, 'চিত্রভানু' কাব্যের রচয়িতা করবাবু ছিলেন আইন অমান্য আন্দোলনকারী, রবীন্দ্র পরিচয় সভার সংগঠক, সংস্কার সমিতির গ্রামসেবক। তবে রবীন্দ্রজীবনে ও সাহিত্যধারায় তাঁর প্রধানতম অবদান ছিল মহাগ্রন্থ 'গীতবিতান'-এর সম্পাদন-সংকলন তথা এর কালানুক্রমিক-বর্ণানুক্রমিক সূচিনির্মাণে- অবশ্য নেপথ্য কারিগররূপেই। মহাকবির বিবিধ রচনা লভ্যার্থে স্বনামধন্য সাহিত্যিক-সম্পাদকবৃন্দের কাছে শান্তিনিকেতনের সূত্রধররূপে সুধীরবাবুই ছিলেন প্রধান ভরসাস্থল। এ হেন গুরুত্বপূর্ণ ব্যক্তি সুধীরচন্দ্র করের এটিই প্রথম জীবনীগ্রন্থ।২০০ টাকা

## এসো মানুষ হই ॥ রুদ্র প্রসাদ সিন্হা




স্বামীজি বলেছিলেন বনের বেদান্তকে ঘরে নিয়ে আসতে। তাই একবিংশ শতাব্দীর এক তরুণের স্বপ্ন, সামর্থ্যকে অবলম্বন করে স্বামীজির ভাবাদর্শের সিঁড়ি দিয়ে অনন্ত জীবনকে স্পর্শ করার দিশা নির্দেশ করবে এই বই। নিজেকে গড়া, সমাজ গঠনে স্বামীজির আদর্শ প্রয়োগ, ব্যবসা, ম্যানেজমেন্টে বেদান্ত নীতির যুগোপযোগী সমাধান থেকে শুরু করে গ্রন্থখানি পাঠককে পৌঁছে দেবে সকল দ্বন্দ্বের পারে অন্তিম অদ্বৈত অনুভূতিতে।

২০০ টাকা

## হেমন্তে আয়োজিত পাঠ ॥ কালীকৃষ্ণ গুহ




কালীকৃষ্ণ গুহ বিশ্বাস করেন যে কবিতালেখা এমন একটা কাজ যার ভার একজন কবিকে সারা জীবন বহন করে যেতে হয়। শুধু কবিতা লেখা নয়,সারা জীবন তাকে কবিতার পাশাপাশি বহন করে যেতে হয় অন্যান্য সৃষ্টিকর্মের মর্ম গ্রহণ করার দায়। বিজ্ঞান দর্শন ও ইতিহাস বিষয়েও সাধ্যমতো জাগ্রত থাকতে হয় তাকে। এই জাগরণে যেসব কথা জমা হয়েছিল তা তিনি লিখে গিয়েছেন। সেই লিখনধারার কিছু অংশ এই বইতে সংকলিত হয়েছে, যেমন আগের কয়েকটি বইতেও হয়েছে। লেখকের কোনো পাণ্ডিত্যের দাবি নেই। এই নিবন্ধগুলিতে আছে শুধু কিছু বিনীত বোঝাপড়ার প্রতিবেদন– আছে কিছু ঋণস্বীকারের দায়, কিছু আত্মসমীক্ষণের ভাঙাগড়া। ২৫০ টাকা

## মুসাফির: কমরেড কিষণ চ্যাটার্জি স্মরণ সৃজন অভিমুখ ॥ সম্পাদনা কৃষ্ণপ্রিয়া ঠাকুর





এক সর্বব্যাপ্ত বিভ্রান্তি, উদাসীন ও নিষ্ক্রিয়তার বিপ্রতীপে কমরেড কিষণ চ্যাটার্জির অবস্থান। তাঁর রাজনৈতিক দর্শন নানা অভিজ্ঞতায় জারিত হয়েছে। প্রোলেতারিয়েতের সংঘবদ্ধ হওয়ার মদধ্যে কিষণ চ্যাটার্জি দেখেছেন এক বিশ্বসমাজের সম্ভাবনা। স্মরণ, সৃহন ও অভিমুখ– এই তিনটি পর্যায়ে পাঠক সন্ধান পাবেন একজন সংগ্রামী রাজনৈতিক নেতৃত্বের, তাঁর চিন্তন ও দর্শনের। কিষণ চ্যাটার্জির লেখার সঙ্গে রয়েছে তাঁর নিকটজনের স্মৃতিচারণ ও পথচলার কথা। ৪০০ টাকা

## মেঘনাদবধ কাব্যের প্যারডি ॥ তীর্থঙ্কর মণ্ডল




মেঘনাদবধ কাব্যের প্যারডি' শুধুমাত্র সময়ের ক্রমানুসারে সাজানো কিছু প্যারডির সংকলন নয়। একদিকে এ যেমন বাংলা সাহিত্যজগতে মেঘনাদবধ কাব্য চর্চার ঐতিহ্য-পরম্পরাকে ধরে রেখেছে, অন্যদিকে বিষয়বিন্যাসে উনিশ-বিশ-একুশ শতকীয় নানান গুরুত্বপূর্ণ সাহিত্যিক-সাংস্কৃতিক-ধর্মীয়-সামাজিক-ঐতিহাসিক-রাজনৈতিক বিষয়কে স্পর্শ করেছে এই সংকলন। মাইকেল ও তাঁর মেঘনাদবধ কাব্যের গ্রহণ-বর্জন, ব্যঙ্গ বা কৌতুক যদি এর এক হাতে থাকে; তাহলে অন্য হাতে আছে উনিশ শতকের শেষভাগের হিন্দু-ব্রাহ্ম দ্বন্দ্ব, পরাধীন ভারতের জাতীয়তাবাদী আন্দোলন, ইংরেজ শাসকের রীতি-নীতি-আইন, বাংলা নাট্যমঞ্চের ইতিহাস, স্বাধীনতোত্তর কলকাতার ব্যাভিচার সমেত হাল আমলের সাড়া জাগানো ছাত্র আন্দোলনের মতো গুরুত্বপূর্ণ বিষয়ও। কাজেই সামগ্রিকভাবে আগ্রহী পাঠক-গবেষকের জ্ঞান ও মনের খিদে মেটানোর রসদ এই সংকলন যোগান দেবে বলেই আমাদের বিশ্বাস। ৬৭৫ টাকা

## চিরদিনের সেই আমি ॥ সম্পাদনা তপতী গুপ্ত





প্রবাদপ্রতিম রবীন্দ্রসঙ্গীত শিল্পী স্বপন গুপ্তর জীবন ও মননকে দুই মলাটে ধরে রাখার চেষ্টায় এই বই প্রকাশ করা। তাঁকে যাঁরা কাছ থেকে দেখেছেন তাঁদের স্মৃতিচারণায় শিল্পীর উন্মেষের দিনগুলি, রবীন্দ্র-গানের গভীরে অবগাহন, তাঁর জনপ্রিয়তার শিখর আরোহণের কথা, সূক্ষ্ম রসবোধ, জীবন-বোধ সবে মিলে যেন স্বপন গুপ্ত কথায় আঁকা হয়ে রইলেন। ৫৫০ টাকা

## মশালের নাম ডিরোজিও ॥ নিখিল কুমার চক্রবর্তী




ঊনবিংশ শতাব্দীতে হিন্দু কলেজের শিক্ষক হেনরি লুই ভিভিয়ান ডিরোজিওকে নিয়ে বিতর্ক কখনো থেমে থাকেনি। সেযুগেও ছিল, এখনও আছে। ইয়ং বেঙ্গল' নামে পরিচিত তাঁর ভাবশিষ্যরা সেইসময় কলকাতায় সবরকম গোঁড়ামির বিরুদ্ধে যে আন্দোলন বা বিতর্ক শুরু করেছিলেন তাতে রক্ষণশীলরা কেঁপে উঠেছিলেন। তৎকালীন সময়ে শিক্ষার এক নতুন দিগন্ত খুলে দিয়েছিলেন ডিরোজিও। প্রায় সমবয়সী ছাত্রদের তিনি শিখিয়েছিলেন যুক্তিই সর্বশ্রেষ্ঠ বিচারক এবং যে তর্ক করতে জানে না সে অন্ধ। স্বল্পায়ু জীবনে তিনি বাংলার অনেক কৃতির ভবিষ্যতের বুনিয়াদ তৈরি করেছিলেন, যাঁরা পরবর্তীতে স্বনামধন্য হয়েছিলেন। শিক্ষক না হলে শুধু কবি হিসাবেই তিনি বিখ্যাত হতে পারতেন। প্রথম লিখেছিলেন স্বদেশপ্রেমের কবিতা। সমাজ সংস্কারক হিসাবে পরিচিতি লাভেও কোনো বাধা ছিল না। তাহলে তাঁকে নিয়ে এত বিতর্ক কেন? “মশালের নাম ডিরোজিও” -তে তারই অন্বেষণ। ৩৭৫টাকা

## চাঁদোয়া: শিল্প। শিল্পী। ইতিহাস ॥ দীপঙ্কর পাড়ুই





প্রাচীন ভারতীয় শিল্পকলার একটি অঙ্গ হল চাঁদোয়া। চাঁদোয়া লোকশিল্প হিসেবে পারিগণিত হলেও এর ঐতিহ্যবাহী ভিত্তি রয়েছে। বৈদিক সাহিত্য থেকে তন্ত্রশাস্ত্র হয়ে লোকায়ত সাহিত্যের বহুস্থানে চাঁদোয়ার উপস্থিতি লক্ষ্য করা যায়। এই শিল্পকর্মটি ধর্মীয় উপাসানা থেকে দৈনন্দিন জীবনযাপনের রসদ হয়ে উঠেছিল ভারতবর্ষের প্রতিটি অঞ্চলে। শিল্পকলাটির গায়ে যে বুননের নিদর্শন দেখা যায় তাতে লেগে রয়েছে শিল্পীদের মেধা, মনন, কল্পনা ও শ্রম। সেই শ্রমের ইতিহাসকে খুঁজে দেখার চেষ্টা করেছে এই গ্রন্থে। প্রাচীন ভারতীয় শিল্পসত্ত্বা ও সৃজনকলার বহতা জীবনের রহস্য লেখক লিপিবদ্ধ করেছেন এই গ্রন্থে। লিপিবদ্ধকরণের মধ্য দিয়ে তিনি ইতিহাসকে নানা ভাবে স্পর্শ করেছেন। ৪০০ টাকা

## মন্দির টেরাকোটা ফলকে কৃষ্ণলীলা ॥ শ্যামসুন্দর বেরা





বাংলার মন্দিরে বৈষ্ণব,শাক্ত, শৈব ইত্যাদি নানা মতের সংশ্লেষণ ঘটে এক বহুমাত্রিক চেহারা তৈরি হয়েছে। আখ্যানের সেই বিপুল সংগ্রহে উল্লেখযোগ্য বিষয় হিসেবে স্থান পেয়েছে কৃষ্ণলীলা। কৃষ্ণলীলাবিষয়ক ফলকের এত প্রাচুর্যের ব্যাখ্যা কী হতে পারে? বাংলায় বিষ্ণুপুজোর প্রাচীন ইতিহাসের মধ্যে হয়তো বা লুকিয়ে ছিল তার বীজ। চৈতন্য সমকালীন ও পরবর্তী সময়ের ভক্তিসিঞ্চনে অঙ্কুরিত হয়ে সেই কৃষ্ণকথাই কি তবে উঠে এল মন্দিরের গায়ে টেরাকোটা অলংকরণ রূপে? কোথাও রয়েছে শিশু কৃষ্ণ ও মা যশোদার চিরন্তন বাৎসল্য রসের প্রতিরূপ, কোথাও আবার প্রেমিক কৃষ্ণের লীলারচনা, আবার কোথাও অসুর বধে তার বীর রূপের প্রকাশ। কৃষ্ণ মিশে গেছেন জনজীবনে, লোকবিশ্বাসে। ধর্মের সীমানা ছাড়িয়ে তার ব্যাপ্তি। শ্রীশ্যাম সুন্দর বেরা তাঁর গ্রন্থে কৃষ্ণলীলা সংক্রান্ত টেরাকোটা ফলক ও তার কাহিনি সম্পর্কে আলোকপাত করেছেন। শ্রমসাধ্য এই কাজে খুব পরিচিত ফলকের পাশাপাশি আলোচিত হয়েছে বেশ দুর্লভ কিছু ফলকের ছবি ও আখ্যান। ৩৫০ টাকা

## শান্তিনিকেতনের শিক্ষা ও সাধনা ॥ শ্রী সুধীরচন্দ্র কর





“এই বইটির প্রকাশ কাল ছিল ইংরাজীর ১৯৫৩ (বাংলা ১৩৬০) সাল। যার সারমর্ম আজও ভীষণভাবে প্রাসঙ্গিক, শিক্ষনীয় ও আধুনিক। প্রাসঙ্গিক কারণ প্রকৃত আদর্শ সন্ধানের পথ রবীন্দ্রনাথ ঠাকুর স্বয়ং দেখিয়ে গেছেন। শিক্ষনীয় কারণ আমাদের সকলকে সচেষ্ট করার উপায় দেখিয়ে দিয়ে গেছেন। আধুনিক কারণ সবটাই প্রয়োগের দ্বারা পথের দিশা দিয়ে গেছেন। রবীন্দ্রনাথ ঠাকুরের আদর্শে উদ্বুদ্ধ হয়ে সর্বাঙ্গীন শিক্ষার কাঠামোটি বাবা (সুধীরচন্দ্র কর) বইটির মধ্যে প্রতিটি অধ্যায়ে লিপিবদ্ধ করে গেছেন।” ৩৫০ টাকা

## প্রসঙ্গ রবীন্দ্রনাথ: উৎসব ও ভবন ॥ দিলীপ কুমার দত্ত





রবীন্দ্রনাথের সৃজনী প্রতিভার অন্যতম বিষয় হলো তাঁর প্রবর্তিত শান্তিনিকেতনের উৎসব ও অনুষ্ঠানগুলি। প্রধান উৎসব হলো পৌষ উৎসব ও পৌষমেলা। অন্যান্য উৎসবের মধ্যে বসন্তোৎসব, রবীন্দ্রজন্মোৎসব, বৃক্ষরোপণোৎসব, হলকর্ষণ উৎসব, শিল্পোৎসব, শ্রীনিকেতন বার্ষিক উৎসব প্রভৃতি উল্লেখযোগ্য। এইসব উৎসবের টানেই আসেন দেশবিদেশ থেকে বহু পর্যটক। স্থাপত্য শিল্পের মধ্যে পড়ে রবীন্দ্রনাথের পিতৃদেব মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর কর্তৃক নির্মিত শান্তিনিকেতন গৃহ ও মন্দির। রবীন্দ্রনাথ কর্তৃক নির্মিত হয়েছে ব্রহ্মচর্যাশ্রম বিদ্যালয় পর্বে প্রাক্‌কুটির থেকে শুরু করে বিশ্বভারতী পর্বের ঘরবাড়িগুলি। কবির নির্দেশে রুচিসম্মত ডিজাইন করে অতি সাধারণ উপকরণ দিয়ে পরিবেশের সঙ্গে সামঞ্জস্য রেখে মাটির দেয়াল খড় বা টালির ছাউনি দিয়ে নির্মিত হয়েছে ঘরবাড়িগুলি। বর্তমান গ্রন্থে সেইসব উৎসব ও গৃহাদির কথা সংক্ষেপে আলোচিত হয়েছে। ৩০০ টাকা

## বৌদ্ধ সংস্কৃতির ধারায়: অবিভক্ত বর্ধমান জেলা ॥ রঙ্গনকান্তি জানা




বর্তমান কালে প্রত্নতাত্ত্বিক তথ্যভিত্তিক ভৌগলিক ক্ষেত্রের ইতিহাস ও সংস্কৃতির পর্যালোচনা বিশেষ ভাবে লক্ষ্য করা যায়। বর্তমান আলোচনা অবিভক্ত বর্ধমান জেলার বৌদ্ধ সংস্কৃতির ধারাকে উপস্থাপন করা মূলতঃ প্রত্নতাত্ত্বিক তথ্য তৎসহ সাহিত্য গত তথ্যকে একত্রিত করে জীর্ণ ধূসর স্মৃতির পূর্ণগঠন। পাঠকরা আলোচনাটি থেকে বৌদ্ধ সংস্কৃতির প্রবাহমান ধারা সম্পর্কে স্থানিকস্তরে আলোকিত হবে।
২৬৫ টাকা

## নাথযোগিলীলামৃতম্ ॥ স্বরূপা নাথ




বাংলায় লেখা এই প্রথম, কিশোর থেকে বয়স্ক সকলের জন্য সুখপাঠ্য এই গ্রন্থ, যেখানে সারা ভারতের নাথযোগীদের সিদ্ধির ভাণ্ডার মন্থন করে তুলে এনেছি অলৌকিক সব মণিমুক্ত, যা থরে থরে সাজিয়ে দিয়েছি আপনাদের জন্য। নিজে পড়ুন, অন্যকেও পড়তে উৎসাহিত করুন। শিব স্বরূপ নাথযোগীদের জীবন চরিত না জানলে যে ভারতবর্ষের আত্মাকে জানা যায় না।

৩৫০ টাকা

## নির্বাচিত শান্তিনিকেতন ॥ সম্পাদনা: রাহুল ঘোষ





শান্তিনিকেতন ১৩২৬ বঙ্গাব্দে বিশ্বভারতীর মাসিক পত্র হিসেবে আত্মপ্রকাশ করে। ১৩৩৩ বঙ্গাব্দে পত্রিকা প্রকাশ বন্ধ হয়। ১৩৭৭ বঙ্গাব্দ থেকে বোলপুর সাহিত্য সংসদ পত্রিকা প্রকাশের দায়িত্ব গ্রহণ করে। সরকারিভাবে নতুন একটি পত্রিকা হলেও সম্পাদক পুরনো শান্তিনিকেতন-এর উত্তরাধিকার বহন করেছিলেন স্বকীয়তার সঙ্গে। রবীন্দ্রচর্চার সঙ্গে সঙ্গে স্থানীয় ইতিহাস, বিশ্বসাহিত্য, অনুবাদচর্চা, সমাজ-সংস্কৃতি ইত্যাদি নানা বিষয়ে আলোকপাত করা হত পত্রিকার পাতায়। তার কয়েকটি দৃষ্টান্ত সংকলিত হল এই গ্রন্থে। ৩৫০ টাকা

## বাঙালি চেতনায় শান্তিনিকেতন ॥ পারমিতা




কোন শান্তিনিকেতনকে খুঁজব আমরা? সে তো একমাত্রিক নয়। স্টেশনে নেমে ‘চলো শান্তিনিকেতন’ বললে সকলেই কি একই শান্তিনিকেতনে পৌঁছান? কেউ শান্তিনিকেতনকে মুড়ে রেখেছেন নস্টালজিয়ার চাদরে, কারও কাছে ‘সব পেয়েছির দেশ’, আবার অনেকেই মনে করেছেন শান্তিনিকেতনের আদর্শের বিচ্যুতি তার সূচনাকাল থেকেই। বাঙালি চেতনায় শান্তিনিকেতন এমনভাবে গেঁথে আছে, শত আলোচনা সমালোচনার পরেও তাকে অস্বীকার করা যায় না কোনোভাবেই। প্রতিষ্ঠাতার শান্তিনিকেতন, আশ্রমিক শান্তিনিকেতন, প্রাক্তনীদের শান্তিনিকেতন, টুরিস্টীয় শান্তিনিকেতন এবং এরকম অজস্র শান্তিনিকেতনের খোঁজ রইল এই বইতে। শান্তিনিকেতনের ভৌগোলিক প্রশাসনিক চৌহদ্দি অতিক্রম করে সেই খোঁজ আমাদের পৌঁছে দেয় ভার্চুয়াল জগতেও। আন্তরিক এই অনুসন্ধানের আঙিনায় যেমন রয়েছে ইতিহাস, স্মৃতিকথন, আবার গবেষণার অন্যতম উপাদান হিসেবে রয়েছে সমীক্ষা, সাক্ষাৎকার। বাঙালি চেতনায় শান্তিনিকেতন পাঠককে নানারকম দেখার সঙ্গে পরিচয় করিয়ে দেবে। ৫০০ টাকা

## রবীন্দ্র উদ্ধৃতি ॥ সংকলন ও সম্পাদনা: মলয় ঘোষ





রবীন্দ্ররচনা মানবজীবনের দর্শনকে চিত্রায়িত করে অপরূপ রূপমাধুরী মিশিয়ে। সেই সব অমূল্য রচনা থেকে অঞ্জলি ভরে নেওয়া হীরকদ্যুতিময় উদ্ধৃতিগুলির নির্বাচিত সংকলন শুধু আমাদের প্রয়োজন মেটায় না, আমাদের হৃদয় ও মনকে আলোড়িত করে অংশ থেকে সমগ্রে যাবার অভীপ্সায়। অংশ আর সমগ্রকে এক করে দেখা, আবার সমগ্র আর অংশকে ভিন্নতর মাত্রায় অনুভব করার বিশেষ এক মাধ্যম এই গ্রন্থ। প্রয়োজন আর উন্মেষ পাশাপাশি প্রবাহিত এ গ্রন্থের পাতায় পাতায়।

৬০০ টাকা


## Visva-Bharati &Palli-Prakriti ॥ Rabinanath Tagore


Translated from original Bangla by Sukla Basu (Sen)




Rabindranath Tagore began his experiments in children's education at Silaidah even before he established his Brahmacharyashram at Santiniketan. His own unhappy school experiences pushed him towards setting up an independent educational institution literally in the midst of nowhere. Tagore would write about this in various correspondences and articles to be published and speak about at length in lectures about his wishes and activities on various occasions serving as preludes to the celebrations taking place throughout the year. Most of us are familiar with such ritualistic welcoming of nature and agrarian activities that define the culture of Visva-Bharati for insiders and visitors. But for non-Bangla knowing scholars and interested readers a working translation still needs to be done to bring such writing into public viewing. This little compilation of translated essays by Sukla Basu (Sen), Sukla Basu former professor of English at Visva-Bharati, hopes to fill in the gaps of curated knowledge regarding views of the poet educationist towards his own creations of Santiniketan and Sriniketan. INR 300


## আনন্দ: তবলার ভুবন (প্রথম ও দ্বিতীয় খণ্ড) ॥ পণ্ডিত শঙ্কর ঘোষ





আমার মতে, আনন্দ তবলার এক মহাকাব্য। সকল তবলাশিল্পী ও তবলাপ্রেমীদের অন্যতম আশ্রয় এই আনন্দ। যাঁরা তবলার সঙ্গে সরাসরি যুক্ত নন, তাঁদের কাছেও এই বইএর পাঠ এক অনন্য অভিজ্ঞতা, কারণ এতে আছে ছন্দের এক গভীর সম্যগদর্শন। পণ্ডিত শঙ্কর ঘোষের উপলব্ধিতে ছন্দ জীবনেরই এক রূপক হিসেবে প্রতিভাত। প্রতি খণ্ড ৬০০টাকা

## The Captive Speaks: Politics, Education, Environment ॥ Angshuman Kar





This book is a testimony of a dark time in Indian history. It documents how in the second and third decades of the twenty-first century in India, fanaticism, intolerance and hatred grew under the patronage of the rulers. The book, however, proves that despite an organized attack on free thought and state-controlled surveillance, the captives speak. The essays of this book were originally published in different magazines and newspapers. INR 300

## Climate Change and Cultural Representations: Australian and Indian Perspectives ॥ Edited by Angshuman Kar




This book maps the different policies and strategies Australia and India have adopted to combat climate change. It also critically examines different cultural representations of both the countries to underline their negotiations with climate change. The essays in the book suggest how we can meaningfully confront climate change and survive it by treating humans and non-humans equally. The book also considers climate change as a glocal issue and strongly promotes the idea of ecocosmopolitanism. It is a must-read for those interested in climate change. INR 750


## 'Kobi' and 'Rani' - Memoirs and Correspondences of Nirmalkumari Mahalanobis and Rabindranath Tagore




### Translated & Edited by Somdatta Mandal

The unique personal and loving relationship that Rabindranath Tagore shared with Prasantachandra Mahalanobis and his wife Nirmalkumari Mahalanobis (aka Rani) is a well-known fact for all Tagore enthusiasts. This anthology deals with the English translation of two travel memoirs penned by Nirmalkumari, namely Kobir Shonge Europey (With the Poet in Europe) which vividly narrates the seven-month long trip to various countries of Europe in 1926, and Kobir Shongey Dakshinattey (With the Poet in the South) narrating the trip to South India and Ceylon (Sri Lanka) in 1928, both published a long time after the death of the Poet in 1941. It also includes the translation of Pathe O Pather Prante, a collection of sixty letters Rabindranath wrote to Rani by personally selecting from more than five hundred letters he had written to her, and which was published from Visva-Bharati in May/June 1938 under the 'Patradhara' series. INR 1000


## The Last Days of Rabindranath Tagore in Memoirs




### Translated & Edited by Somdatta Mandal

Translated from the original Bengali for the first time, these memoirs cover a period of approximately the last one year of the poet's life since the time he fell sick in Kalimpong till his death in Kolkata. When read side by side, they narrate the same story through subjective perspectives and help us to visualize the physical decline and end of the poet in vivid details narrated from different points of view. The essentially female gaze, colloquial tone and details of domestic nitty-gritty written in different styles also enhance the appeal of the memoirs for the readers. In them we find a different Rabindranath, not the world poet but a homely and domestic person who in his advanced age loved the company of these women who voluntarily looked after and served him. INR 1000


## A Poet's Experiment in Rebuilding Samaj and Nation
## Sriniketan's Rural Reconstruction Work, 1922-1960




### Dikshit Sinha

More than 155 long years have passed since Tagore was born, and nearly nine decades have elapsed after Sriniketan programme began in 1922, but no detail account exists about the way the development work proceeded at a time when social decadence was at its height. The complete story of how Sriniketan's experiment was carried out remained imperfectly understood even by the insiders let alone by the outside world. Even many inmates of the university remain oblivious of the course it took, its extent and depth. ow a poet inspired people from far and near to participate and work for the development of the villages and how it gradually evolved is worth recounting. It was not a development work undertaken for the sake of so-called developmental purposes only. It was based on formulation of values and ideology. The mammoth task had acquired significance during its own time and is no less important and relevant in the present age when development has become a mere by-word. INR 1000 (HB)

## Rabindranath Tagore and America: Overtures and Responses




### Edited by Indrani Haldar and Sukla Basu (Sen)


Deploring the rigidity of tradition and convention in contemporary Europe, Tagore had praised the 'experimentation' and 'youthful freedom from habits of mind' that invested America with an optimistic faith in humanity. It was thus with a sense of expectation and interest that the poet had visited America five times over two decades. This book is a collection of essays delineating the prolonged connection, both enthusiastic and ironic, between Rabindranath Tagore and America. INR 150

## Birds around Santiniketan ‖ Pradyot Kumar Sen Gupta





'Birds around Santiniketan' appeared in Visva-Bharati News, the monthly journal of the university, in ten instalments between 1954 end and 1958. It was based entirely on the personal and critical observations of an amateur ornithologist of vast experience and knowledge. Pradyot Kumar Sen Gupta was well known in the mid 1950's-70's in ornithological circles as an intrepid, passionate naturalist, and in particular, as an avid bird watcher.
INR 320


## Word & Truth: Reading Sankha Ghosh ‖ Edited by Angshuman Kar




Anybody who knows Sankha Ghosh closely knows that the mountain inheres a fountain of love and concern. Like his works (which range from purely lyrical love poetry to strongly expressive protest poetry, from deep insightful essays on Tagore to highly analytical articles on Bengali rhyme), his personality also has multiple layers, different shades. The essays collected in this book (most of which were published for the first time in the special issue of Muse India on Sankha Ghosh) are a modest attempt at capturing these multiple colours of his personality and works. INR 300


## Anaddha: The World of Tabla (Volume I & II) ‖ Pandit Shankar Ghosh




"I feel, Anaddha is a Tabla Epic, the ultimate reference point for Tabla players and Tabla lovers.
For others too, it is a must-read as it offers a deep insight into the philosophy of Rhythm. In the vision of Pandit Shankar Ghosh, Rhythm becomes a metaphor for life itself."
Per Volume INR 750


## Asia Travels: Pan-Asian Cultural Discourses and Diasporic Asian Literature/s in English ‖ Himadri Lahiri




Discourses on Pan-Asianism from literary perspectives are markedly absent in the academic field. Asia Travels: Pan-Asian Cultural Discourses and Diasporic Asian Literature/s in English offers fresh perspectives on this theme. The book is about travel, dwelling in travel, and sharing transnational solidarity with fellow travellers from Asia. It speaks of the stories and histories of cultural links between individuals and communities. It analyses Pan-Asian discourses of Sun Yat-sen, Okakura Tenshin, Rabindranath Tagore and other critical thinkers. It explores how Asian diasporic experiences are represented in the literary works of Maxine Hong Kingston, Amy Tan, Monica Sone, Hisaye Yamamoto, Ranbir Sidhu, Bapsi Sidhwa, Khaled Hosseini, Bharati Mukherjee, Jhumpa Lahiri, Manjushree Thapa and in Asian diasporic anthologies. INR 600


## Essays on American Literature and Art

## Edited by Indrani Haldar & Parantap Chakraborty





Charting the literature and art of a country is never an easy task, even more so in the case of a country as vast, variegated, and variable as America. The sheer diversity, topographical, ethnic, cultural or linguistic, proves daunting to an academic who attempts to offer a perspective on any aspect of the creative endeavors of the people or their cultural backdrop. The book has been divided into two broad and somewhat loosely-conjoined sections: the first, 'Literature, Myth, and Critical Theory,' the second, 'The Other Arts'. INR 350

## Śūdraka's Mṛcchakaṭikam ‖ Edited by Saptarshi Mallick





The Sanskrit play, 'Mṛcchakaṭikam' ('The Little Clay Cart') attributed to Sudraka in the 5th century, is timeless in its appeal and relevance as is evident from its many translations into English and other European languages. Its depiction of a vast cross section of society through its main and sub plots involving multiple characters, unfolds at a breathless pace, which is riveting. It is modern as it moves away from mythology, legend, the tales of kings and superheroes, to focus on ordinary people who become victims of court intrigue and corrupt power. The generosity and integrity of the central characters and their friends, the humour that sustains an audience, the romance that wins the day and the victory of human kindness and goodness over evil machinations, are dissected and discussed in this rich anthology in 24 chapters by leading scholars, confirming the play's enduring salience. Introduced by Professor John Brockington's erudite reflections and excellent analysis and endorsed by a comprehensive consideration of the contents of this critical anthology by the renowned writer, Professor Jeffery D. Long, this volume, thoughtfully compiled and competently edited by Dr Saptarshi Mallick, is a timely reminder of how a text stays in circulation through the appreciation of critics in the field. It shows how this ancient Indian play remains a classic, offering myriad enlightening interpretations to a twenty first century readership who will find this volume an invaluable companion to any fresh reading and performance of 'Mṛcchakaṭikam'. Dr Bashabi Fraser, CBE INR 750




## Colours of Confluence: A Pictorial Journey into Sufism and Bhakti

Sudeshna Majumdar INR 600




## Yogis of the Himalaya

Guru Prasad Chattopadhyay

Translated by Anwesha Chattopadhyay

INR 400

## সত্তরের ডায়েরি ॥ শৈলেন মিশ্র




রোম্যান্টিক দূরত্বে নয়, শৈলেন মিশ্র সত্তরের কথা লেখেন তাঁর যাপনের কথামালা থেকে। নিজেকে অযথা গৌরবান্বিত না করে বুঝতে চান একটি সময়কে তার জটিলতার আবর্তে। ছোটো ছোটো বাক্যে তাঁর সংলাপ বিনিময় যেন নিজের সঙ্গেই। বলতে বলতে পার্শ্বচরিত্র হয়ে যান তিনি। ডায়েরির প্রাণবিন্দুতে তখন মানুষের সমাবেশ। ৩০০ টাকা

## তুতুর মুলুক ॥ দেবযানী সেনগুপ্ত




যে রাস্তায় হেঁটে যায় মানুষ, তার মানচিত্র চেতনে অবচেতনে একান্ত নিজস্ব ভূগোলের অংশ হয়ে যায়। স্মৃতিকথাচিত্রে সেই উঠোন আর বাইরের আলোআঁধারি। সেখানে যেমন পূর্ণতা থাকে, হইহই থাকে, আবার উৎসবের পরের দিনের শূন্যতাও থাকে। এমন পাওয়া না-পাওয়াদের মিলমিশ তুতুর মুলুকে। সে কোনো সব পেয়েছির দেশ নয়। তবে এক অন্যরকম দুনিয়া তো বটেই। ঠিকানা চাইলে বলতে হবে পাটনার গঙ্গা পেরিয়ে আরও পঞ্চাশ মাইল দূরে ফ্যাক্টরি শহর মারহাওড়া। উত্তর বিহারের এক বাঙালি পরিবার। তাঁদের রোজনামচায় ফেলে আসা ভূমির সঙ্গে দিব্য মিশে যায় মারহাওড়ার জলহাওয়া। আবার শুধুমাত্র সেই পরিবারের আখ্যান না হয়ে তুতুর মুলুক বলে একটি ফ্যাক্টরি শহরের অর্থনৈতিক সামাজিক চরিত্রের কথা। সেই আখ্যানে কখনো তুতু গল্পকার, কখনো আবার নিজেই চরিত্র। তুতুর মুলুক-এর অন্দরে এই দুই দেখার আদানপ্রদান ঘটে।২৫০ টাকা

## নৈঃশব্দ্যের ভূগোল ॥ মলয় মুখোপাধ্যায়





অধ্যাপক মুখোপাধ্যায় তাঁর ভূগোল চর্চার ঝাঁপি থেকে অনেক অণু ঘটনা তুলে ধরেছেন এই প্রকাশনায়। যেখানে প্রতিটা ক্ষেত্রে ভূগোলের উপস্থিতি নিঃশব্দে। এই বই-এ যেমন আছে পশ্চিম মেদিনীপুর জেলার প্রত্যন্ত গ্রামবাসীদের শুদ্ধ ইংরেজি উচ্চারণ, আমেরিকার মাছে ভূগোলের নাম, আন্দামানের ওঙ্গে আদিবাসীদের আত্মমর্যাদার হদিশ তেমনি আছে নায়াগ্রা জলপ্রপাতের আসন্ন মৃত্যু, ইংল্যান্ডের নদীর উৎসমুখে প্রকৃতি পুজোর ধরন, জার্মানীতে কবরস্থানে স্থানাভাবে নতুন পদক্ষেপ, উজ্‌বেকিস্থানে ভুল পরিকল্পনাতে সাগরের শুকিয়ে যাওয়া, আমেরিকার গ্র্যান্ড ক্যানিয়নের মূল পাথরে ধর্মীয় নাম-এর মতো বিষয়ও। প্রতিটি লেখা নিজ গুণে বাস্তবে জায়গা ক'রে নিয়েছে তথ্য আর প্রামাণ্য আলোকচিত্রের সাহায্যে। ওনার সারা জীবনের ভূগোল চর্চা থেকে পাওয়া জ্ঞানের সঙ্গে অনুভূতির মিশ্রণ ঘটেছে প্রতিটি লেখায়। তাই মনে হয় বইটির যথার্থ নামকরণ করা হয়েছে– নৈঃশব্দ্যের ভূগোল। ৮০০টাকা

## আদি পর্ব ॥ অর্ণব ঘোষাল




আদি আর তার রানাবাবার গল্প। শিশুর বড়ো হয়ে ওঠার সঙ্গে এক বাবার বাবা হয়ে ওঠার গল্প। সন্তান মানুষ করার অভিজ্ঞতার সাথে কিছু কল্পনা মিশিয়ে ছোটো ছোটো যাপনকথা নোট খাতায় বা ফেসবুকে লিখে রাখা। আদি আর তার রানাবাবার নিজস্ব জগৎ-এর খামখেয়ালি সব গালগপ্পো। ১৫০ টাকা

## রবির আলোয়: আমার জীবনসঙ্গীত ও সঙ্গীতজীবন ॥ মলয় শঙ্কর চট্টোপাধ্যায়





যাপনে জীবন ও সঙ্গীত মিলেমিশে একাকার। সঙ্গীতজীবনে পড়েছে রবীন্দ্রনাথের আলো। বীরভূমের মাটিতে বেড়ে ওঠা লেখকের জীবনের মূল সুর নির্ধারিত হয়েছে সঙ্গীত দ্বারাই। সে পথ ঘটনাবহুল এবং অবশ্যই নির্জন নয়। কত পথিকের সঙ্গে সাক্ষাৎ ও আলাপচারিতা। সঙ্গীত ভবন নামক প্রতিষ্ঠানটিকে ভিতর থেকে দেখার অভিজ্ঞতা, গুণী শিক্ষকদের সান্নিধ্য, কর্মজীবনের নানা পর্যায় গ্রন্থবদ্ধ করেছেন লেখক। কেবল আত্মকথা নয়, শান্তিনিকেতন বিষয়ে আগ্রহী পাঠক এই বই থেকে পাবেন ইতিহাসের স্বাদ। ৪০০ টাকা

## নাইনটিয়ানা ॥ অনির্বাণ ভট্টাচার্য




নব্বইয়ের গল্পের এটাই মুশকিল। এ চৌকাঠে আঠা লেগে থাকে। কোনওক্রমে পা তুলে তুলে এসেছ তো মুক্তি, আর পা ছুঁয়েছ তো আটকে গেছ। এই মেরুকরণ শুরু হয়ে গেলে দুদলের লড়াই হয় সামান্য। প্রথমদলের উত্তাল সত্তর, আশি। শতক বদল, মুখ বদল, বাড়ি বদল। দ্বিতীয়দলের হাইফেন জীবন। ঘোরানো সিঁড়ি দিয়ে একবার পেছনো, একবার এগোনো। দুটো ধাপের ভেতর মানুষ-গলা দূরত্বে বিটার-সুইট মেমোরিয়ানা। মনের ভেতর, মাথার ভেতর একটা মেটালিক সাউন্ড, টিনিটাস, হিন্দি ছবির গান, সুমন। আজহারউদ্দিনের কবজির মোচড়ে লেগের দিকে পাঠিয়ে দেওয়া মৃত্যুচেতনাও তখন কী অদ্ভুত সুন্দর। ছিয়াশির স্বপ্ন নয়, বরং ইতলিয়া নব্বইয়ের কান্না দিয়ে একটা দশক শুরু হলে সেখানে হ্যাপি এন্ডিং কিভাবে আসবে? ফলে দুদলের লড়াইয়ে দ্বিতীয়দল চুপচাপ শান্ত মেনে নেবে, হেরে যাবে। তবু ওই যে, আঠা, আকর্ষণ – মুক্তি নেই। গোটা জীবন ভোগাবে। কাজের ভেতর, ব্যস্ততার ভেতর, লুপের ভেতর সেকেন্ডের জন্য হলেও ভোগাবে। আর এই দ্বিতীয়দলের সমস্যা হল, যাদের ভেতর সেই আঠা নেই, যারা পা তুলে তুলে এসেছিল, সেই প্রথমদলের সঙ্গে এই দলের বন্ধুত্ব হবে না একদম। আমৃত্যু দূরত্ব যন্ত্রণা দেবে। কথা ভাগ করতে না পারার খেদ গল্প বলাবে। পাতার পর পাতা চেনা, একই কিছু বৃত্তের, ঘটনার, মুখের মেলানকোলিয়া। মনে হবে, এই তো পড়লাম, আগের পাতায়, আগের লেখায়, কোথায়, মনে পড়ছে না। আর ঠিক এটাই দ্বিতীয়দলের ট্রাম্পকার্ড। এক মুহূর্ত না ভেবে সে বলবে, জীবনটাও কি এমন নয়! সমস্ত, প্রায় সমস্তকিছু আগেও হয়েছে, দেখেছি, শুনেছি, কোথায়, মনে করতে পারছি না! নাইনটিয়ানা সেসব দেজাভুর অনিঃশেষ প্রলাপ। ২৫০ টাকা

## শিকড়ে শাখায় ॥ শান্তিসুধা মৈত্র, সুছন্দা লাহিড়ী




‘ইন সার্চ অফ আওয়ার মাদার্স গার্ডেন্স’-এ মায়েদের বাগানের সন্ধান করতে গিয়ে অ্যালিস ওয়াকার বলেছেন, আমাদের মায়েরা শিল্পী... তাঁরা আমাদের বাবাদের পাশাপাশি সব সামলান... সন্তানদের গর্ভে ধারণ করেন...এবং তারপরেও তাদের বহন করেন। হয়তো আলাদা করে নিজের সময় বলে কিছু থাকে না...তারই মধ্যে তাঁদের শিল্পবোধ ছড়িয়ে থাকে...কখনো বাগানের ফুলে, কখনো টুকরো টাকরা জুড়ে তৈরি করা কাঁথায়, কখনো শিশুদের বলা গল্পে। আমাদের মায়েরা এই গল্প বলে এসেছেন বহুযুগ ধরে। তাঁদের সেই কথকতায় জাদুস্বপ্নের বুনন। একজনের জন্ম প্রথম বিশ্বযুদ্ধের শেষদিকে আর অন্যজনের দ্বিতীয় বিশ্বযুদ্ধ থেমে যাবার পরে। সম্পর্কে এঁরা মা-মেয়ে। দুই নারীর নির্ভার স্বাদু গদ্যে কী অনায়াসে উঠে এসেছে একটি পরিবারের প্রায় এক শতাব্দী পেরয়োনো দৈনিন্দিন খুঁটিনাটি। ২৫০ টাকা

## স্মৃতিতুতো মেঘলায় ॥ গৌরব চক্রবর্তী




কিছু গদ্য শ্রাবণমাখা। গাঢ় বসন্তেও শ্রাবণের ঘোর কাটে না তাদের। যেন গতবারের বর্ষার জল শিশি-বোতলে জমানো। স্মৃতি। ছিপির কাছে জমতে থাকে বাষ্প। খুলে দিলেই তারা মেঘ হতে পারে। আবার সাততলা বাড়ির কার্নিশেও বাসা বাঁধতে পারে। শহর তখন দীঘিময়। শহর তখন আলাপী। টিনের বাটি পেতে মেঘ ধরে রাখে। গৌরব চক্রবর্তীর সঞ্চয়ী স্মৃতিগদ্যে মেঘটুকরোর অনুপ্রাস। ‘স্মৃতিতুতো মেঘলায়’ বইটিতে স্থান পেয়েছে গৌরবের ‘অন্তর্গত ও অন্তর্নিহিত আর্দ্রবিষাদের বর্ণমালা’। ১৭৫ টাকা


## একটি অর্থপূর্ণ জীবন ২.০ এবং আদ্য পদার্থ ১-৯ ক্রিস্টফ কেলার ॥ অনুবাদ: পরন্তপ চক্রবর্তী




একটি অর্থপূর্ণ জীবন ছোট ছোট গদ্যের ধারাবাহিক পরিবর্তনশীল কাজ,– যা কাব্যের উষ্ণ জলে নিজের পা ডোবায়, কিন্তু নিজেকে কবিতা বলার আস্পর্ধা করে না। পাশাপাশি মূল ইংরেজি গদ্য এবং তার বাংলা অনুবাদ। সঙ্গে কোলাজ সেজে থাকা কিছু ছবি।

১৫০ টাকা

## আয়রে আমার টায়রা ॥ নির্মল হালদার




‘আমি তো সেই ছোটবেলা থেকেই লাস্ট বেঞ্চে। কিছুই পারি না। কেবল মনখারাপ করি। শুধু কল্পনায় ভেসে বেড়াই।... ক্লাসের জানলা থেকে ট্রেনের আসা-যাওয়া দেখি। লাস্ট বেঞ্চ থেকে দেখতে চাই, তুলিন স্টেশনে ট্রেন এসে দাঁড়ালো। প্যাসেঞ্জার উঠছে-নামছে দেখি। দেখি, আমার মন উঠছে-নামছে।... তুলিন আজও আমাকে বলে, কাঁদবি যদি এলি ক্যানে?’ আয়রে আমার টায়রা সেই লাস্ট বেঞ্চের কথন। আলো হয়ে থাকা ছেলেবেলা, যার আনাচেকানাচে প্রিয়জন, গাছপালা, ফেলে আসা পথ। কবির জীবনের ধুলোকণা মাখা বইটিতে পাঠক খুঁজবেন কবির হয়ে ওঠার গল্প। ১৬৫ টাকা


## ছাইপাঁশ ১ ও ২ ॥ বিদিশা ঘোষ






কারও কারও ধুলো ঝেড়ে ফেলার অভ্যেস। কারও বা জমানোর। সেই ধুলোর গায়ে লেগে থাকা কথকতা আলগোছে পাহাড় জমায়। এক গল্পের পাথর টপকে আর এক গল্পে–এভাবেই এগোবেন পাঠক। জিরোবেন, শ্বাস নেবেন আর শুনবেন অন্য একজনের বেঁচে থাকার শব্দ। অথবা শুনবেন না। পাহাড়ের বাঁকে পাথরের খাঁজে দাগ গুনবেন– আর্তির, আশ্রয়ের বা আঁচড়ের। চকমকি পাথরে ফুলকি বেরোনোর আগের গল্প। আনাচকানাচ ভরে উঠবে নানারকমের দেখায়। ইস্কুলে, মাঠে, ময়দানে, বাসে, ভিড়ে বা নিজের একান্ত নিভৃতির কোলে সেই দেখার ধারাভাষ্য লেখেন বিদিশা ঘোষ। ২৫০ টাকা/ খণ্ড

## Crossing Many Seas Chitrita Devi ॥ Translated by Somdatta Mandal




This translation of Chitrita Devi's travelogue Anek Sagar Periye is a collection of seven different segments of her travel to the West. As a middle class Bengali lady her exposure and experiences in these foreign shores are interesting to read. Also throughout the narrative the female gaze of the traveler especially draws the readers' attention.

INR 200

## Vignettes of Life Once More ॥ Somdatta Mandal





In 'Vignettes of Life Once More' Somdatta Mandal offers a collection of personal stories through a wide range of space, time and locale. She looks back at several unusual people she had met over the decades, reminiscences about trivial incidents that took place in her own life – sometimes funny, and at others, thought-provoking. In all the vignettes she focuses on human aspects of her encounters and hopes that at least some of the entries will uplift the mood of the readers who are bored with the humdrum existence of life. These stories will remind them of what they had done or could have done in their own lives, especially when truth is stranger than fiction. INR 350

## খোলা মাঠের খেলা: পাঠভবন প্রাক্তনীদের স্মৃতিলিখন ॥ সম্পাদনা তড়িৎ রায় চৌধুরী




শান্তিনিকেতনের উপর স্মৃতি-সাহিত্যের অভাব নেই। রবীন্দ্রপর্বে মুগ্ধতার আলোয় ম্লান চতুর্পাশ আর পরের পর্ব বেদনার হাহাকারে ম্রিয়মাণ। প্রাজ্ঞ বিজ্ঞ-দের সেসব মূল্যায়ন বৃত্তের বাইরে এই সংকলনের বিষয় বিশ্বভারতীর বিদ্যালয় বিভাগ পাঠভবন। এই শতাব্দীর পাঠভবনের ছাত্র-ছাত্রী-রা বলেছে তাদের যাপিত জীবনের গল্প। ডাকঘরের ঠাকুর্দা অমলের দিকে তাকিয়ে ভেবেছিলেন "অমন নবীন চোখ তো আমার নেই"। সেই নবীনতাই এই সংকলনের সম্পদ। ৩৫০ টাকা

## সত্যি যখন গল্প ॥ শ্রীলেখা চট্টোপাধ্যায়




গত শতকের পঞ্চাশ ষাটের দশকের কলকাতা কেমন ছিল! তখনও শহর মহানগরীর রূপ পায়নি। প্রাত্যহিক নিরাপত্তা এবং পরস্পরের পরিচিতি দিয়ে ঘেরা ছিল ছোটদের জীবন।

ভোরবেলা ভিস্তিওয়ালারা মশক ভর্তি গঙ্গা জল নিয়ে রাস্তা ধুয়ে যেত। নানান ফেরিওয়ালা অনায়াসে বাড়ির ভেতরে প্রবেশের ছাড়পত্র পেত। ভিন্ন ভিন্ন ঋতুতে তাদের যাতায়াত নির্দিষ্ট ছিল। কেবল প্রসাদ-দার ঘুগনি আর মুশকিল আসানের গান ছিল প্রত্যেক দিনের জন্য। ছোট্ট দুটি ছেলে মেয়ে আরো অনেকের সঙ্গে এই সমস্ত নিয়ে বড় হচ্ছে। অভিজ্ঞ হচ্ছে তাদের পারিপার্শ্বিক সম্বন্ধে। এর মধ্যেই কলকাতা শহরে এক বড় দাঙ্গা ঘটে যাচ্ছে। চীন ভারত যুদ্ধ ও বোমাতঙ্ক হচ্ছে। একটি ছোট্ট মেয়ে যার কাছে পৃথিবীটা মোটামুটি নিজেদের বাড়ি এবং ওই পাড়ার ভিতরেই সীমাবদ্ধ ছিল তখনও তার অনুভব ওই সময়ের এক দলিল। ১৮০ টাকা

## ট্রাম লাইন, আমিও সমান্তরাল ॥ চিরন্তন প্রামাণিক




এই বই থেকে পাঠক কোন রস আস্বাদন করবেন সে সম্পূর্ণ তাঁদের বিষয়। সেই ব্যাপারে কিছু বলার অধিকারী আমি নই। এমনও হতে পারে, কোন লেখা পড়ে পাঠকের মনে একাধিক রসের সম্মিলিত নির্যাস দশম রসের জন্ম দিল। সেক্ষেত্রে গাছ থেকে আপেল পড়ার মত, সেটাও একটি আবিষ্কার বলে গণ্য হতে পারে। লেখক আসলে একধরনের অসুখে ভোগেন। সৃষ্টির শুরু থেকে আজ অবধি পৃথিবীর সমস্ত অনুভূতি, সব গল্প, সব ভালোবাসা, সমস্ত মনখারাপ, সব জলছবিকে সৃজনের ক্যানভাসে ফুটিয়ে তুলবার আকুতি থেকেই সাহিত্যের জন্ম হয়। যতদিন মানুষ থাকবে, ততদিন এই অসুখ আমাদের সুখী করবে। ৩২০ টাকা

# সাক্ষাৎকার

## গভীর ক্ষতের পাশে আলাপচারিতায় সোমনাথ হোর ॥ সাক্ষাৎকার: শুভ চক্রবর্তী




শিল্পী সোমনাথ হোরের জীবনচর্যা তাঁর শিল্পকর্ম থেকে ভিন্ন নয়, কেননা তিনি মনে করেন জীবনচর্যাও একরকমের শিল্পকর্ম, যে-জীবন 'ব্যক্তিগত আমি' থেকে বেরিয়ে এসে 'সমগ্র আমি'-র সঙ্গে মিশে থাকে। সেই জীবন ও শিল্পের মধ্যে যাওয়া-আসার একটা প্রবাহ আমাদের মনে ধরা থাকে। সেই বোধকে কেন্দ্র করে আমরা আমাদের আমিকে স্পর্শ করি। শিল্পী সোমনাথ হোরের মনের, জীবনের অনেক অচেনা ও দুর্গম পথের চিহ্ন ধরা থাকল এই কথোপকথনে। ১২৫ টাকা

# উপন্যাস

## লৌকিক লোকলীলা ॥ মিশু মিলন




জয়ন্ত ফেরিওয়ালার হাতুরির ঘায়ে তোবড়ানো ভাঙারি সিলভারের গামলার মতো আধখানা চাঁদ আকাশে, নির্জন রাতে তারক বৈরাগীর হাতের খঞ্জনির মতো আশপাশের ঝোপঝাড় থেকে একনাগাড়ে ডাকতে থাকে ঝিঁঝিপোকা, উঁচু কোনো গাছের অন্ধকারাচ্ছন্ন ডালে বসা কোকিলের সুমিষ্ট কণ্ঠস্বর শোনা যায়। গ্রামের কাঁচা রাস্তা ধরে নগ্ন পায়ে দৌড়তে থাকে পরিমল, অমল আর বিলাস। তিনজনের পরনেই কাছা মারা লাল ধুতি, গলায় রুদ্রাক্ষের মালা। পথ চলতে চলতে ওরা কখনও বিব্রতকর পরিস্থিতিতে পড়ে, কখনো পুরোনো কবর, পোড়ো ভিটে, হ্যাজাকবাতি দেখে, কিংবা কোনো গন্ধ বাতাসে ভেসে ঘ্রাণেন্দ্রিয়ে আসায় ওদের একেকজনের স্মৃতিতে চাগাড় দিয়ে ওঠে বিভিন্ন ঘটনা। আর স্মৃতির ঘোড়ায় চড়ে ফিরে আসে মহি মৌয়াল, বিনোদ চক্রবর্তী, তেজরাজ রুংটা, দেবী বৈষ্ণবী, তারাপদ দাস এবং আরও কেউ কেউ। তবে ওরা তিনজনই স্মৃতিযাপন করে আশালতার সঙ্গে, তিনজনের কাছে ভিন্ন ভিন্নরূপে ফিরে আসে আশালতা।

মাঠ ভেঙে, ধুলোমাখা পথ ভেঙে, অন্ধকার ফুঁড়ে ওরা কখনও দৌড়ে কখনও হেঁটে সামনে এগোয়। কোথায় যায়?

বাংলাদেশের ফরিদপুর-রাজবাড়ী অঞ্চলের এক লোকসংস্কৃতিকে উপজীব্য করে লেখা এই আখ্যান। ২৫০ টাকা

## গা ও য়া ল ॥ মিশু মিলন





নীলু বামন। ব্যঙ্গ-বিদ্রুপের শঙ্কায় কখনো উচ্চতা মেপে দেখেনি। কী বাড়ীতে কী বাইরে– সবখানেতেই সে অপাঙক্তেয়। পূর্বপুরুষের দয়ায় সে ঋষিপুত্র, ভদ্রলোকেরা যাদের মুচি বলে সম্বোধন করে। নীলু স্বপ্ন দেখে নবদ্বীপ গোঁসাইয়ের দলে গায়েন হওয়ার। তার ছোট চেহারার ভিতরে লালিত হতে থাকে শিল্পীমন। তাই বোধহয় নদীর মত ঘনঘন বাঁকবদল। একসময় ঘর ছেড়ে বেরিয়ে পড়ে। পূর্বপুরুষের মত সেও কি বেরিয়ে পড়ল গাওয়ালে? গ্রামে গ্রামে ঘুরে ছাতা বিক্রি বা সারাই? নাকি তার গাওয়াল জীবনের অন্য বাঁকে তাকে পৌঁছে দেবে? বাংলাদেশের পটভূমিকায় এক অপরূপ জীবন-আখ্যান।৩০০ টাকা

## মোমো মাইকেল এনডে ॥ অনুবাদ শ্রীলেখা চট্টোপাধ্যায়




মোমো-র গল্পটি ছোটদের জন্যই লেখা, না কি বড়দের জন্যেও তা ভাববার বিষয়। কিশোর-কিশোরীরা নিশ্চয়ই এর স্বাদ ও রস উপভোগ করবে কারণ কাহিনীর মূল গায়েন এইবয়সী ছেলেমেয়েরাই। কিন্তু গল্পটির নতুন নতুন বাঁকে যে বিস্ময়, তা নিঃসন্দেহে বড়দেরও আকর্ষণ করবে। এ কাহিনীর বিশেষ এক চরিত্র হচ্ছে 'সময়'। 'পৃথিবীর অন্যতম একটি রহস্য হ'ল সময়। সক্কলে জানি সময়-এর কথা। কখনো কখনো নীতিকথায় এর মূল্য সম্বন্ধে গল্পচ্ছলে উপদেশও দেওয়া হয়; ব্যস্, তারপরেই সবাই ভুলে যাই অন্য কথায়, অন্য কাজে। আমরা ধরেই নিই "আমরা আছি", যদিও জানি না কতক্ষণ, কতদিন, এটাই বিস্ময়'। লেখক যেমনটি বলছেন, সত্যিই সেইরকম ভাবা যায়– এই কাহিনী ইতিমধ্যে ঘটে যেতেও পারে, আবার ভবিষ্যতেও ঘটতে পারে। অর্থাৎ এ ঘটনা অনেকাংশে আমাদের পরিচিত ও প্রাসঙ্গিক। বছর দশেক-এর মেয়ে মোমো। শহরতলির বসতির পাশে মান্ধাতা আমলের একটি ভাঙাচোরা নাটমঞ্চে মোমোর আস্তানা। তার অনেক বন্ধু– সমবয়সী ও অ-সমবয়সী মানুষজন, পাখি-পোকা, গাছপালা, পাথর-মাটি, রোদ-বৃষ্টি, সুর-তাল। আর এক নতুন বন্ধু সে পেল, নাম তার কশ্যপী, একটি কচ্ছপ। সে যা বলতে চায়, তা ওর খোলার উপর হাল্কা আলোর মধ্যে লেখায় ফুটে ওঠে। আর আছে একদল ধূসর-মানুষ, যারা মানুষের ভালো চায় না। কশ্যপী এবং এক সংবেদনশীল ও রহস্যময় অধ্যাপকের সাহায্যে ছোট্ট মেয়ে মোমো এক ভয়ানক বিপর্যয়ের মোকাবিলা করল। এ তারই কাহিনী। **৩৫০ টাকা**

## চলো যাই পাতাঝরা চৈত্রের শান্তিনিকেতন ॥ সুব্রত সেন মজুমদার





শান্তিনিকেতন যদি একটি যাপনের নাম হয়, তবে তার কেন্দ্রে রয়েছে ৭ পৌষ দিনটি। শত বিতর্কের পরেও বারবার ফিরে আসতে ইচ্ছে করে দিনটির কাছে পুনরুজ্জীবনের প্রার্থনা নিয়ে। এমন দিনে প্রকাশিত হতে চলেছে 'চলো যাই পাতাঝরা চৈত্রের শান্তিনিকেতন'– শান্তিনিকেতন ও শ্রীনিকেতনকে জানা-বোঝার ধারাবাহিক প্রয়াসে বীরুৎজাতীয় সাহিত্য সম্মিলনীর নবতম সংযোজন। শ্রী সুব্রত সেন মজুমদারের এই বইটিতে উপন্যাসের হাওয়ায় মিশেছে ইতিহাসের জলকণা। পাঠক খুঁজে নেবেন নিজের মনের কোণে বাঁচিয়ে রাখা শান্তিনিকেতনের মাটি। বইপ্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রবীণ আশ্রমিক শ্রী সুপ্রিয় ঠাকুর, শ্রীমতী কল্কিকা মুখোপাধ্যায়, শ্রী ব্রতীন্দ্রমোহন সেন এবং অন্যান্যরা। আপনাদের উপস্থিতি আমাদের এই সামান্য আয়োজনকে সুন্দর করে তুলুক। **২৬৫ টাকা**

## অবিনশ্বর ॥ অনিন্দিতা মণ্ডল




ষোড়শ মহাজনপদগুলিতে তখন বেদ-ব্রাহ্মণ-রাজার দোর্দণ্ড প্রতাপ যেন কিছু ক্ষীণ। বৈশ্যকুল সমাজ-নিয়ন্ত্রকের ভূমিকায় অবতীর্ণ আর শূদ্রসমাজ অমানিশায় কন্টকাকীর্ণ পথে নিরুপায় নামহীন হয়ে পথ চলে, গড়ে তোলে বাণিজ্যপথ, শ্রীময়ী নগরী, শ্রীমন্ত জনপদ। দুর্বলের উপর প্রবলের অত্যাচারে, ব্যাভিচারে, অসাম্যে, উৎকোচলোভী শাসকের অপশাসনে জর্জরিত মানুষ। এমনই এক কালবেলায় শাক্যবংশীয়, অপ্রতিম এক পুরুষের কাছে যুদ্ধযাত্রা অপেক্ষা কাঙ্খিত বলে প্রতীয়মান হল জীবনের আদি থেকে অন্ত, অন্ত থেকে আদিতে চলাচলের দুঃখময় অভিযাত্রা পথের বোধিলাভ। বুদ্ধত্ব-প্রাপ্তি শেষে ত্রিশরণ নিতে আসা অগণিত মানুষের মধ্যে তিনি জ্বালালেন তাঁদের আত্মদীপ, শরণাগত সকলে অনুভবে জানলেন এই সত্য, যে তাঁদের তাপিত চিত্ত শান্তি পাবে কেবলমাত্র আত্মশরণেই। তথাগত হলেন মগধরাজ বিম্বিসারের রাজগুরু। প্রায় সমসময়ে শ্রাবস্তীর বণিককুলে অন্য এক পুরুষ তাঁর বাণিজ্য-লব্ধ অমেয়সম্পদকে দানে, বৌদ্ধবিহার নির্মাণে, ভিক্ষুসংঘের প্রতিপালনে নিঃশেষে উজাড় করে দিয়ে তারই মধ্যে সন্ধান করে ফিরলেন জীবনের চরিতার্থতা... অন্য অমিতবীর্য পুরুষটি জন্মাবধি রত রইল নিয়তিতাড়িত অন্বেষণে... তার পুরুষকার তার অদেখা জননীর ব্যথিত মঞ্জীরধ্বনির মতো মুগ্ধ, আবিষ্ট অথচ বেদনাদীর্ণ করল তার পরিপার্শ্বকে। এই তিন অসাধারণ পুরুষকে বেষ্টন করে রইল এক মহাকাব্যিক পরিদৃশ্য। সকলের অন্তর্নিহিত শ্রমণ-সত্ত্বাটি থাকল অবিনশ্বররূপে উজাগর... **৩২৫ টাকা**

## উৎপল দত্ত: দেবতার মতন একা ॥ আশিস গোস্বামী



নট-নাট্যকার-নাটককার-প্রাবন্ধিক উৎপল দত্ত-কে নিয়ে চর্চা স্বাভাবিকভাবেই অপ্রতুল নয়। তাঁর কাজ তাঁকে দেবত্বে উত্তীর্ণ করেছে বললেও বেশি বলা হয় না। কিন্তু রক্তমাংসের উৎপল দত্ত-কে আমরা কম জবানিতেই পাই। সৌভাগ্যবশত নাট্যগবেষক-সমালোচক-সংরক্ষক আশিস গোস্বামী কিছুদিন 'প্রশ্রয়ে, নির্ভয়ে' সান্নিধ্যলাভ করেছিলেন স্বয়ং উৎপলের। 'কথাশিস' ব্লগ ও ইতস্তত প্রকাশিত পত্র-পত্রিকায় তার বেশ কিছু লেখায় উৎপল দত্ত-কে অন্য মেজাজে, কাছের মানুষের মতো পাওয়া যায়। বলা বাহুল্য, লেখাগুলি সমালোচক-গবেষকের সাক্ষ্য ও স্বাক্ষর সমন্বিত। জরুরি সেইসব লেখা একত্রিত করে হয়ে উঠল ভিন্ন স্বাদের, অবশ্য-সংগ্রহযোগ্য এই বই– উৎপল দত্ত : দেবতার মতন একা। ২৮০ টাকা

## ত্বিষামপতির জীবন যাপন ॥ সলিল সরকার



এক ছুতোর মিস্ত্রির আখ্যান। থিয়েটারের সেট গড়তে গড়তে একদিন চিত্তপটে গড়ে তুললেন আস্ত একটা রঙ্গমঞ্চ। কুশীলব আপনিই জুটে যায়। তাদের নড়া-চড়া, কথা-বলা, স্পষ্ট-অস্পষ্ট রাজনীতি তুলে রাখেন মন খেরোর খাতায়। স্মৃতিকথার আদলে লিখে চলেন বাংলা নাটকের ইতিহাস। তবে ঐতিহাসিকের আরোপিত নৈর্ব্যক্তিকতায় ভরসা না রেখে ব্যক্তি সলিল ঢুকে পড়েন অলিগলিতে। এই পথ হাঁটার অভ্যাসেই পিছনে ফেলে আসেন নানা ওজনের ঘাত-প্রতিঘাত। সলিল যাদের কথা বলেন, তাঁদের অনেককেই মনে রাখেনি সংস্কৃতির পীঠস্থান। অর্জিত গ্ল্যামারের আলখাল্লা সরে গিয়ে মাঝেমাঝেই বেরিয়ে পড়ে কঙ্কাল। সে-শব ঢেকে রাখার দায় লেখকের নেই। ২৫০ টাকা

## থিয়েটারচেতনা: যুক্তি-তর্ক-অভিমুখ ॥ জুলফিকার জিন্না



'থিয়েটারচেতনা: যুক্তি-তক্কো-অভিমুখ বইটির সূচি অনুযায়ী, দশটি থিয়েটার বিষয়ক প্রবন্ধ দুই মলাটে ধরে রাখা হয়েছে। এই দশটি প্রবন্ধ যেমন নাট্যচর্চার দীর্ঘ পথকে স্পর্শ করে বৃহত্তর নাট্য অভিমুখকে ছুঁতে চেয়েছে ঠিক তেমন ভাবে তাঁর লেখার মধ্য দিয়ে ভাবনার যে গভীর ভ্রমণ ও সুচারু বুননের আভাস পেয়েছি প্রতি মুহূর্তে তা যেন নাট্যশিল্পের মতো সমৃদ্ধশালী একটি শিল্পমাধ্যমকে আরো বড় ক্যানভাসে তুলে আনতে সাহায্য করেছে চিন্তা জগতের বৃহৎ ক্ষেত্রে। এ প্রসঙ্গে প্রথমেই বলা জরুরি যে প্রতিটি প্রবন্ধের শিরোনাম যেন শুরুতেই তার অন্তর্নিহিত বক্তব্যের সূচিমুখ নির্মাণ করে দেয় স্পষ্টভাবে। যা অচিরেই আগ্রহী করে তোলে পাঠ গ্রহণে। এরপর যদি ক্রমশ লেখার গভীরে প্রবেশ করতে থাকি তাহলে সেই আগ্রহের রসাধারা প্রবাহিত হয় মস্তিষ্কে-মননে।' ২৩০ টাকা

## চুউপ! আদালত চলছে মূল নাটক: বিজয় তেন্ডুলকর
অনুবাদ: শুক্লা বসু (সেন); অনুবাদ সহায়তা: রণবীর সুমেধ



ভারতীয় নাটক রচনার ধারায় শান্ততা কোর্ট চালু আহে একটি মাইলফলক। নাটক ও জীবনের অন্তর্বর্তী মূল সুরটি এই নাটকে স্পর্শ করেছেন নাট্যকার। 'ন্যায়', 'বিচার', 'মানবিকতা' ইত্যাদি শব্দগুলো পাক খেতে থাকে আদালত থেকে মহলাকক্ষে। ক্ষমতা অভ্যাস করতে চাওয়া চরিত্রগুলোর অসহায়তা প্রকট হয়ে ওঠে। ব্যক্তিমানুষ আর সমাজের টানাপোড়েনে নাট্যকার কোথায় দাঁড়াবেন? ২২০ টাকা

## অসমাপ্ত স্বকলম প্রথম খণ্ড ॥ আশিস গোস্বামী



আশিস গোস্বামী দীর্ঘদিন থিয়েটারের আনাচেকানাচে ঘুরে বেরিয়েছেন। কাছ থেকে দেখেছেন থিয়েটারের হয়ে ওঠা। মঞ্চ ও মঞ্চের ওদিকের জীবন। পেয়েছেন গুণীজনেদের সান্নিধ্য। বর্তমান সময়ের এই গুণী নাট্যসমালোচকের কলমে উঠে এসেছে খণ্ড খণ্ড ইতিহাস।
৫৫০ টাকা

## ছোটোদের আটটি নাটক ॥ শ্যামাপ্রসাদ ঘোষ




শিশুমনের বিকাশ ঘটাতে নাটক অত্যন্ত উপযোগী এবং জরুরি একটি মাধ্যম। পাঠক্রমের সঙ্গে নাটকের অভিজ্ঞতা শিশুমনকে ঋদ্ধ করে। এই সংকলনে বিদ্যালয়ে অভিনয়ের উপযোগী আটটি নাটক সংকলিত হয়েছে। ২৫০ টাকা

## ইভগিয়েনি শোয়ার্তস: তিনটি নাটক ॥ অনুবাদ অরুণিম বন্দ্যোপাধ্যায়




এই সংকলনে রয়েছে রুশদেশীয় নাট্যকার ইভগিয়েনি শোয়ার্তস-এর তিনটি নাটক– 'ড্রাগন', 'উলঙ্গ রাজা', ও 'ছায়া'। রুশ ভাষা থেকে সরাসরি অনুবাদ। নাট্যসাহিত্যে আগ্রহী পাঠক ও অনুবাদ চর্চায় আগ্রহীজন এই সংকলনে তাঁদের প্রয়োজনীয় উপাদান খুঁজে পাবেন আশা করা যায়।
৩৭৫ টাকা

## Ratan Thiyam: Through Others' Eyes ॥ Edited by Dr. Asish Goswami




The journey of delving into the complete range of Ratan Thiyam's artistic endeavours is a complex task. It requires traversing vast geographical and artistic landscapes to understand the depth of his contributions to the theatre world. Through extensive travel and interactions with numerous individuals, Goswami has painstakingly collected a treasure trove of material, presenting it in an orderly manner for readers to savour and appreciate.

This book not only unveil the brilliance of Ratan Thiyam as a theatre maestro but also shed light on the various experiments inspired by his visionary works. From unearthing Manipur's forgotten traditional art forms to contributing to national and international art movements, Thiyam's artistic odyssey has been one of awe-inspiring proportions. Asish Goswami's expertise and profound knowledge in the realm of theatre shine through the pages, making this treatise a valuable resource for theatre students, practitioners, and researchers. INR 1500


# গল্প

## বিরাট কোহলির পাড়া ও অন্যান্য গল্প ॥ ব্রজ সৌরভ চট্টোপাধ্যায়




আমার প্রথম গল্প সংকলন গল্পের বই এতদিনে মিলিয়ে গেছে স্বাভাবিক কারনেই। দ্বিতীয় গল্পের বই বের হচ্ছে তাই। লেখাগুলো বাছার ক্ষেত্রে ক্লান্তি এসছে মনে। বারবার মনে হয়েছে এগুল হয়নি, পারিনি আমি ঠিকঠাক। তবুও অনেক লেখার ভিড় থেকে বিভিন্ন জায়গায় প্রকাশিত ১৪ টি গল্প বেছে রাখলাম এই সংকলনে। প্রথম বই থেকে একটি মাত্র গল্প 'জন্মদিনের পরের দিন' রাখতে হল, তাও বহু সংকোচে ও দ্বিধায়। আমি সচরাচর পাঠকের অপেক্ষায় থাকিনা, তাই বলে পাঠক কি একেবারাই আমায় খুঁজবেন না? জানা নেই ... ২৫০ টাকা

## জননী বসুন্ধরা ॥ মানস বন্দ্যোপাধ্যায়




জননী বসুন্ধরা বিগত চারটি দশকের গ্রাম জীবন ও নগর জীবনের যাপন চিত্রের আখ্যান। সন্নিবেশিত চিত্রগুলি লেখকের নিকট দর্শনের অভিব্যক্তি আর গল্পের বিন্যাসে শিল্পরসের সুষমার অন্বেষণ। পূর্বসূরীদের অনুসরণ করেও লেখক কোথাও যেন মৌলিক। সমাজের পট পরিবর্তন লেখার আবহেও প্রতিফলিত তাই গল্পগুলির মধ্যে আছে চলমানতা ও বৈচিত্র। কাহিনী উপস্থাপনায় তাই লেখক যে সংযমের পরিচয় রেখেছেন তা শোভন সুন্দর। ২৫০ টাকা

## আন্তন চেখভ: নির্বাচিত ছোটগল্প ॥ অনুবাদ: অমর বসু




আন্তন চেখভ্ ঠিক কত গল্প লিখেছিলেন নিশ্চিতভাবে বলা শক্ত। আর্থিক সমস্যার জন্যে বিশ্ববিদ্যালয়ে পড়তে পড়তেই ছোট ছোট পত্রিকায় তিনি লিখতে শুরু করেন। বিভিন্ন জায়গায় ছড়িয়ে থাকার দরুন পরবর্তীকালে রচনাবলি প্রকাশের সময় সব গল্প উদ্ধার করা সম্ভব হয়নি। তবে যা উদ্ধার হয়েছে এবং বিংশ শতাব্দীর ষাট এবং সত্তরের দশকে সোভিয়েত ইউনিয়নে তিরিশ খণ্ডে প্রকাশিত চেখভ্ রচনাবলীতে স্থান পেয়েছে তার সংখ্যাও কম নয়, ছোট বড় মিলিয়ে সংখ্যাটা প্রায় ২৪০ এর মতো। এই বিপুল গল্পসম্ভার থেকে বর্তমান সংকলনে ১৮-টি প্রতিনিধিস্থানীয় গল্প বেছে নিয়ে কালানুক্রমিকভাবে সাজানো হয়েছে। ৩৪০ টাকা

## গ ল্পে র ব ই ॥ ব্রজ সৌরভ চট্টোপাধ্যায়




"রত্নাকর ছুঁড়লেন তীর। অমনি হয়ে গেলেন বাল্মীকি। একটি বাজখাঁই প্লট। তীর ছোঁড়ার দুঃখে তিনি বাল্মীকি হলেন। বেচারা রত্নাকর! রক্তের আখরে ভরিয়ে দিলেন রামায়ণ। যুদ্ধে যুদ্ধে, কারণে অকারণে যতগুলি তীর ছুঁড়লেন, অত তীরের অপপ্রয়োগ ব্যাধজীবনে কোনোমতেই সম্ভব ছিল না তার একার পক্ষে। চাপা দুঃখ, ফেলে আসা চাপা ব্যাধের অহংকার রামকে দিয়ে ধনুক ভাঙাল। রামকে জেতাতে পারল কি? লেখকের মৃত্যু ঘটল..."

১৫০ টাকা

## চৈতন্য-জিহাদ ॥ রুদ্র প্রসাদ সিন্‌হা




মানুষের যত ধরনের অনুভূতি আছে তার মধ্যে শ্রেষ্ঠ অনুভূতি হল তার বিস্ময়বোধ। অবাক হওয়া। এই বিস্ময়বোধ থেকেই এসেছে বিজ্ঞান, সাহিত্য ও শিল্পে মানুষের অসাধারণ সব সৃষ্টি। বিস্ময় আসলে এক প্রবল আঘাত যা জন্ম দিতে পারে একাধিক প্রশ্নের। প্রশ্নগুলি রূপান্তরিত হয় 'জীবন-জিজ্ঞাসা'-য়। 'জীবন-জিজ্ঞাসা' গতানুগতিক ঘুমন্ত মানুষকে জাগিয়ে দিতে পারে। এই বইয়ের গল্পগুলি পাঠককে বিস্মিত করবে। তার অন্তরে জ্বেলে দেবে চৈতন্যের আলো। ২৫০ টাকা




## মধ্যবিত্ত অনু পরমানু

নুরুল হাসান

৮০ টাকা





## A Worrisome State of Bliss

Christoph Keller

INR 350

## তুলসীদাসের কবিতা ॥ অনুবাদ: রূপায়ন ঘোষ




তুলসীদাস! মধ্যযুগের ভারতীয় সাহিত্যে এই ব্যক্তি এক বিতর্কিত অধ্যায়। ষোড়শ শতকের সমগ্র মধ্যভাগ জুড়ে যে সাধক তুলসীদাসের পরিচয় আমরা পাই তা মূলত ব্রাহ্মণ্যবাদী ভাবনার ধারক ও বাহক। কিন্তু তন্নতন্ন করে অনুসন্ধান করতে গিয়ে দেখা যায় সপ্তদশ শতকের প্রথমভাগে তাঁর লেখনীতে প্রতিফলিত হয়েছে ব্রাহ্মণ্যবাদের বিরোধিতা। তবে কি সাধকের ব্রহ্মতপস্যার পরিবর্তে তিনি গ্রহণ করেছিলেন সমাজসংস্কারকের পথ? ছয় শতাধিক দোঁহার সমুদ্র থেকে নিঙড়ে বের করে আনা নব্বইটি দোঁহার রচনা, কথনশৈলী তথা উদ্দেশ্য কিন্তু সেই ইঙ্গিত অতি স্পষ্টভাবে বহন করে। তথাকথিত সাধক থেকে সমাজবাদী তুলসীদাস হয়ে ওঠার যাত্রাপথে হয়তো এক-একটি আতপ্ত চুল্লির ভূমিকা নিয়েছিল এই দোঁহাগুলি। নানান হয়ে ওঠা এবং না হয়ে ওঠার সন্ধান দেয় এই দোঁহাবলি ও তাদের মর্মকথন। অনুবাদক সেই বিতর্কিত খোলস ভেঙে মূল তুলে দিলেন পাঠকের হাতে, বিচার ও বিশ্লেষণের দায়িত্ব এখন তাঁদের। ২৫০ টাকা

## সী মা না ছা ড়ি য়ে বাংলা অনুবাদে সাম্প্রতিক ভারতীয় কবিতা ॥ সম্পাদনা: অংশুমান কর




বহু ভাষা। বহু স্বর। ভারতীয় কবিতা বহুত্বের আধার। কবি অংশুমান করের সম্পাদনায় এই সংকলনে রয়েছে অসমীয়া, গুজরাটি, মারাঠি, মালয়ালম ও তেলেগু ভাষার সাম্প্রতিক কবিদের নির্বাচিত কবিতার অনুবাদ। অনুবাদ করেছেন হিন্দোল ভট্টাচার্য, মন্দাক্রান্তা সেন, অভিজিৎ বেরা, অনিমিখ পাত্র, রাকা দাশগুপ্ত, অংশুমান কর, আশিস গঙ্গোপাধ্যায়, সম্রাজ্ঞী বন্দ্যোপাধ্যায়, অরিত্র সান্যাল, কৃষ্ণ মণ্ডল, কৌশিকী দাশগুপ্ত ও কিংশুক সরকার। ২৫০ টাকা

## লুসি জীন ভ্যালেন্টাইন ॥ অনুবাদ: দেবলীনা সুর




লুসি কে? ইথিওপিয়ার উত্তরদিকে হাদার অঞ্চল থেকে সংগৃহীত একটি কঙ্কাল। এটি এখনও পর্যন্ত সবচাইতে পুরনো পূর্ণাবয়ব মানুষের পূর্বসূরির দেহাবশেষ। ইথিওপিয়ার মানুষেরা এর নাম দিয়েছেন 'দিনকেনেশ'– এই আমহারিক শব্দটির বাংলা তর্জমা করলে দাঁড়ায় 'তুমি অপরূপা'। সভ্যতাপ্রাচীন কিছু অনুভূতি নিয়ে লুসি এসেছিল জীনের কবিতায়। জীন লুসিকে খুঁজেছেন উরুর মাঝের নিঃশব্দ গুঞ্জনে বা প্রসবকাতর আদিম চিৎকারে। কঙ্কালের গায়ে কবিতা জুড়ে এইভাবেই নির্মিত হয় লুসি। ৮০ টাকা

## বা র্ধ ক্য ইভান তুর্গেনিভ ॥ অনুবাদ: অরুণিম বন্দ্যোপাধ্যায়




'ইভান সের্গেইভিচ তুর্গেনিভ (১৮১৮-১৮৮৩) রুশ তথা বিশ্বসাহিত্যের একজন প্রসিদ্ধ লেখক। গল্প, উপন্যাসের মতো তাঁর লেখা গদ্যকবিতাগুলিও এক অসাধারণ সৃষ্টি। তুর্গেনিভ শেষজীবনে ফ্রান্সে থাকতেন। সেইসময় স্বদেশের প্রতি ভালবাসার টানে আকুল এবং বার্ধক্যের যন্ত্রণায় কাতর, অসুস্থ তুর্গেনিভ গদ্যকবিতাগুলি লেখেন।'

২৭৫ টাকা


## কা টো য়া র ক বি তা ॥ সংকলন ও সম্পাদনা: গৌতম সাহা




বৈষ্ণব প্রেমরসে এককালে ভেসে গিয়েছিল কাটোয়া জনপদ। সাহিত্যের পালে লেগেছিল তার হাওয়া। চৈতন্যজীবন অনুপ্রাণিত কাব্যচর্চা থেকে শুরু করে আজকের সময়– এই কবিতা সংকলনে ধরা গেল তারই কিছু দৃষ্টান্ত। কোন একটি স্থানকে কেন্দ্র করে কবিতাচর্চার সংকলন প্রকাশ নিয়ে প্রশ্ন করতে পারেন কেউ কেউ। সাহিত্যের এমনতর মানচিত্র আঁকা যায় না তা অনেকটাই সত্যি। তবে স্থানিকতা বা নির্দিষ্ট স্থানের রোদ-জল-হাওয়া, জীবনযাপন সাহিত্যচর্চাকে অন্য খাতে বইয়ে দেওয়ার ক্ষমতা রাখে। এই সংকলন সেই ধারাবাহিকতার ইতিহাসটিকে দু'মলাটের মধ্যে আনতে চেয়েছে।


২০০ টাকা

## নীলমণি ফুকনের নির্বাচিত কবিতা ॥ অসমিয়া থেকে বাংলায় অনুবাদ রাহুল ঘোষ




কটন কলেজে দ্বিতীয় বর্ষের ছাত্র থাকাকালীন নীলমণি ফুকন রচনা করেন "বুৰঞ্জী" কবিতা। ১৯৫৬ সালের সেপ্টেম্বর মাসে মহেন্দ্র বরা সম্পাদিত 'নতুন কবিতা' পত্রিকায় এই কবিতাটি ছাপার অক্ষরে প্রকাশের পর; বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত হতে শুরু হয় ওঁর কবিতা। ১৯৬৩ খ্রিস্টাব্দে নীলমণি ফুকনের প্রথম কাব্য 'সূর্য হেনো নামি আহে এই নদীয়েদি' প্রকাশিত হয়। এরপর একে একে প্রকাশিত হয়– 'নির্জনতার শব্দ', 'আরু কি নৈঃশব্দ্য', 'ফুলি থকা সূৰ্য্যমুখী ফুলটোর ফালে', 'কাঁইট আরু গোলাপ আরু কাঁইট', 'গোলাপী জামুর লগ্ন', 'কবিতা', 'নৃত্যরতা পৃথিবী', 'সাগরতলির শঙ্খ', 'অলপ আগতে আমি কি কথা পাতি আছিলোঁ'। কবির কবিতা সমগ্র 'সম্পূর্ণ কবিতা'-এর প্রথম সংস্করণ প্রকাশিত হয় ২০০৬ সালে। কবিতা সমগ্রে সূচিপত্রের বিন্যাসে আমরা আশ্চর্য এক পারম্পর্য লক্ষ্য করি। কবি 'গোলাপী জামুর লগ্ন', 'কবিতা', 'নৃত্যরতা পৃথিবী', 'অলপ আগতে আমি কি কথা পাতি আছিলোঁ'; ১৯৭৭-২০০৩ সাল পর্যন্ত প্রকাশিত কাব্যগুলিকে প্রথম পর্বের অন্তর্ভুক্ত করেছেন। বাফার জোনে রেখেছেন ১৯৯৪ সালে প্রকাশিত 'সাগরতলির শঙ্খ' কাব্যের সংযোজিত অংশ 'আরু চারিটা কবিতা' এবং দ্বিতীয় পর্ব হিসেবে অন্তর্ভুক্ত করেছেন ১৯৬৩-১৯৭৫ সাল পর্যন্ত প্রকাশিত পাঁচটি কাব্যকে। বর্তমান গ্রন্থে কবিতার অনুবাদে এই পারম্পর্যকেই গুরুত্ব দিয়েছেন অনুবাদক। নীলমণি ফুকন কবিতা সমগ্রে প্রথম পর্ব হিসেবে চিহ্নিত কাব্যগুলিকেই ওঁর রচিত শ্রেষ্ঠ কবিতা সংকলন বলে মনে করতেন। কবির রচিত ২৩১টি কবিতার মধ্য থেকে পঞ্চাশটি গুরুত্বপূর্ণ কবিতার বাংলা অনুবাদ সংকলিত হয়েছে এই গ্রন্থে। ২০০ টাকা

## Poems of Chandalini Poems by Bengali Dalit Womanist Kalyani Thakur Chatal ॥ Translated by Zinia Mitra & jaydeep Sarangi





'Chandalini's Poems' are poems woven around intensely felt private love and loss, if the poems depict nature they inevitably lead to private memories of ruefulness. The poems depict society at large as a machinery of caste oppression articulated from a personal perspective which is unmistakably the Dalit existence of Kalyani Thakur Charal. The volume is replete with images of blacksmiths, farmers, weavers, poverty, misfortune, sickness, injuries— there lingers an overpowering aroma of boiled paddy around a cow-dung smeared courtyard. Kalyani Thakur's poetry is a genuinely bitter and scathy critique of cultural intolerance, opportunism and oppressive conditions of Dalit women. There is always a tone of high justice in her armoury. INR 399




করোনা কালের কবিতা

তড়িৎ রায় চৌধুরী


১০০ টাকা




OROGENY

Ishana Basu

INR 500




শা ন্তি নি কে ত নে র কবিতা

সম্পাদনা কুন্তল রুদ্র


২৫০ টাকা




ছড়ারঙ্গ

পৃথীন্দ্র চক্রবর্তী


২০০ টাকা



বিষ ও বৈভব
গৌতম সাহা
৭০ টাকা



যখন একা
শ্যামল শুক্লা
১২৫ টাকা



সখ্য
শুভংকর ঘোষ রায় চৌধুরী
১০০ টাকা



চৈত্রদিনের বিকেল
শ্যামাপ্রসাদ ঘোষ
১২৫ টাকা



নির্বাক বাল্মীকি
শুভদীপ সেনশর্মা
৬০ টাকা




মনকলমের কান্নাহাসি
উত্তীয় চট্টোপাধ্যায়
১০০ টাকা



অসম্পূর্ণ ধূসর উপত্যকা
সেনিকা দত্ত
১০০ টাকা




নষ্ট কবির ফসিল
অসীম অধিকারী
১২৫ টাকা




একক
শুভংকর ঘোষ রায় চৌধুরী
১২৫ টাকা



মিথুনরতকে মেরো না, নিষাদ
সোমনাথ মণ্ডল



শীতের সনেটগুচ্ছ
কাজী নিজামউদ্দীন
১৫০ টাকা




পুরোপুরি সেঞ্চুরি
বিদিশা ঘোষ
২০০ টাকা




for tomorrow the bird might still sing
mostly poems, some pictures and a little prose
Ananya Dutta Gupta



পাহাড়ে অশান্তি হলে
সম্প্রীতি ভট্টাচার্য
১০০ টাকা




Transient
Tapati Gupta
INR 275



Amiya Chakravarty in English Translation
Edited by
Haimanti Chakravarty and Rabindra Ghosh
Revised by Rahul Ghosh
INR 175


## তোমার পবিত্র অগ্নি ॥ কালীকৃষ্ণ গুহ




কালীকৃষ্ণ গুহ মনে করেন তিনি তাঁর পথের অন্তিমে এসে পৌঁছেছেন। তবু জীবনের মায়া মমতা আনন্দ বিষাদের বিস্তীর্ণ তৃণভূমি থেকে সরে দাঁড়াতে চান না তিনি। তিনি এখনো একাকিত্বের অন্ধকার ঘর থেকে বেরিয়ে এসে লিখে ফেলেন কখনো একটা প্রেমের কবিতা, কখনো এমন একটা কবিতা যা মনে হতে পারে একজন স্থানকাল নিরপেক্ষ দ্রষ্টার রচনা।
আজ তিনি যেন একজন অগ্নি-উপাসকের ভূমিকায় অবতীর্ণ! ২৫০ টাকা

# বিবিধ

## Rabindra Jion  Dilip Kumar Datta




সাঁওতালি ভাষায় রবীন্দ্রনাথের জীবন। রোমান হরফে লেখা এই বইয়ে রবীন্দ্রনাথের জীবনের গুরুত্বপূর্ণ ঘটনাবলির কথা উল্লিখিত হয়েছে। রবীন্দ্রচর্চার প্রাঙ্গণ বিস্তারে সহায়ক হয়ে উঠবে এই বই।
৩০০ টাকা

## গালিবের চিঠি ॥ অনুবাদ: শুভ চক্রবর্তী




গালিবের কবিতার মতো তাঁর উর্দু গদ্য ভিন্ন এক ঐতিহ্য। আর একারণেই তাঁর চিঠি এক অর্থে ভারতীয় উর্দু সাহিত্যের সূচনা। কেননা গালিবের চিঠি লেখার শৈলী সম্পূর্ণ নতুন। এর আগে তাঁর মতো, এভাবে এমন আঙ্গিকে কেউই চিঠি লেখেননি। তাঁর অনেক সমসাময়িক কবি ও শিষ্যের মধ্যে মুনশি হরগোপাল তফতাকে লেখা চিঠির সংখ্যাই সবথেকে বেশি। এই বইয়ে তফতাকে লেখা চিঠির সঙ্গে আরও কয়েকজনের চিঠি ধরে রাখা রইলো এই কারণ যে গালিবের চিঠির ভিন্নতাকে উপলব্ধি করা যাবে বলে ২৩০ টাকা

## বিনিসুতোয় গাঁথা: প্রকৃতি সাজসজ্জা ও আমারা ॥ ঈপ্সা বন্দোপাধ্যায়




প্রকৃতিতে ছড়িয়ে ছিটিয়ে থাকা সকল জিনিসেরই একটি নিজস্ব সৌন্দর্য আছে। সে ফুল, পাতা, বীজ হোক আর ঘাসই হোক। এই সামান্য বস্তুগুলোই অঙ্গসজ্জায় বা কেশ সজ্জায় যে অসামান্যতা নিয়ে আসতে পারে তারই দৃষ্টান্ত এই বইটির পাতায় পাতায়। লেখিকা খুবই যত্ন সহকারে এই সাজসজ্জার পদ্ধতিও বর্ণনা করেছেন। অবশ্যই এসবের প্রেক্ষাপটে কাজ করেছে ওনার শান্তিনিকেতন আশ্রম বিদ্যালয়ে সহজভাবে বেড়ে ওঠা আর অদ্ভুত সব গুণী মানুষদের সাহচর্য। মাস্টারমশাই নন্দলাল বসুর কন্যা গৌরী ভঞ্জের বাড়িতে ছোটবেলায় খেলাধুলা করার সময় দেখেছেন ওনার অবিরাম হাতের কাজ, পাঠভবনের প্রকৃতিপাঠের শিক্ষক বারীণদার কাছে পেয়েছেন প্রকৃতির রূপ রস গন্ধের সন্ধান। আশ্রম বিদ্যালয় এর খোলামেলা পরিবেশ তার ইন্দ্রিয় কে সজাগ করেছে । বাড়ির পরিবেশে ঠাকুমার ফেলাছড়া বস্তু নিয়ে বানানো শিল্পকর্ম ওনাকে উদ্বুদ্ধ করেছে, আর তার বাবার শৈল্পিক গুণ তাকে ঋদ্ধ করেছে। সব মিলিয়ে বইটি স্বাভাবিক এক নান্দনিকতার পরিচয় দেয় যা এ বিষয়ে আগ্রহীদের উৎসাহিত করবে। ৩৫০টাকা

49th
INTERNATIONAL
KOLKATA
BOOK
FAIR

বীরুৎজাতীয়র স্টল নং

# ৪৫৬

৬ ও ৭ নং গেটের কাছে...

উপরে দেওয়া QR কোডটি স্ক্যান করে
পেয়ে যান বীরুৎতারীয়র সম্পূর্ণ গ্রন্থ তালিকাটি।

বীরুৎজাতীয় সাহিত্য সম্মিলনী
www.birutjatio.org

২২ জানুয়ারি থেকে ৩ ফেব্রুয়ারি, ২০২৬
বইমেলা প্রাঙ্গণ, সল্টলেক
দুপুর ১২ থেকে রাত্রি ৮টা